আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

সেখানেই যাকারিয়া তাঁর পালনকর্তার নিকট প্রার্থনা করলেন। বললেন, হে, আমার পালনকর্তা! তোমার নিকট থেকে আমাকে পুত-পবিত্র সন্তান দান কর-নিশ্চয়ই তুমি প্রার্থনা শ্রবণকারী

সূরা আল ইমরান ৩৮

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শুক্রবার ॥ ০৮ মে ২০২৬ ॥ ১৯ জিলক্বদ ১৪৪৭ ॥ ২৫ বৈশাখ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩৪৫ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
এ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর
সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

৭ জুন বসছে সংসদের বাজেট অধিবেশন

কীর্তনখোলা ডেস্ক

আগামী ৭ জুন (রোববার) বিকেল ৩টায় ত্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় বা বাজেট অধিবেশন আহ্বান করেছেন রাষ্ট্রপতি

২ এর পাতায় দেখুন

পর্যায়ক্রমে মাঠ থেকে সেনাবাহিনী তুলে নেওয়া হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

পুলিশের প্রতি সাধারণ মানুষের আস্থা ফিরেছে, তাই আইনশৃঙ্খলা রক্ষার কাজে মাঠ পর্যায়ে থাকা সেনাবাহিনীর সদস্যদের

২ এর পাতায় দেখুন

দেশবিরোধী গোষ্ঠীগুলো সাম্প্রদায়িকতা ছড়ানোর চেষ্টা করবে: নাহিদ

কীর্তনখোলা ডেস্ক

পশ্চিমবঙ্গের সাম্প্রতিক নির্বাচনকে কেন্দ্র করে বাংলাদেশে সাম্প্রদায়িক উসকানি ও প্রোপাগান্ডা ছড়ানোর আশঙ্কা প্রকাশ করেছেন

২ এর পাতায় দেখুন

শাপলা চত্বর হত্যাকাণ্ড ভিন্ন খাতে নেওয়ার চেষ্টা ছিল মোজাম্মেল-ফারজানার

কীর্তনখোলা ডেস্ক

রাজধানীর শাপলা চত্বরে সংঘটিত হত্যাকাণ্ডকে আড়াল করতে সাংবাদিক মোজাম্মেল বাবু ও ফারজানা রুপার 'সমীকরণ'

২ এর পাতায় দেখুন

নগরীতে বাসায় ডেকে নিয়ে হানিট্রাপ, স্বামী-স্ত্রী আটক

কীর্তনখোলা রিপোর্ট

বিদ্যুৎ লাইন মেরামতের কথা বলে বাসায় ডেকে নেওয়া হয় ইলেকট্রিক মিস্ত্রি ইউসুফকে। দরজা খুলে ঘরে ঢুকতেই বন্ধ হয়ে যায় বিদ্যুতের আলো। এরপর শুরু হয় নির্যাতন। রাতভর আটকে রেখে নারী নির্যাতন মামলার ভয় দেখিয়ে আদায় করা হয় মুক্তিপণ। এমন অভিযোগে বরিশাল নগরীর রূপাতলী সোহরাব হাউজিংয়ে আহমেদ মোল্লা সড়কে ব্যাংকার্স গলির ইসলামী ব্যাংকের এক কর্মকর্তার বাসা থেকে আটক করা হয়েছে হানি ট্র্যাপ চক্রের নারী সদস্য সুমাইয়া আক্তারকে। এসময় ওই বাসা থেকে উদ্ধার করা হয় কিছু পরিমাণ গাঁজা এবং ৮ পিস ইয়াবা ট্যাবলেট। আটক সুমাইয়া নিজেই মাদক সেবন করতেন বলে পুলিশের কাছে স্বীকার করেন। পরে বৃহস্পতিবার (৭ মে) দুপুরে আটক করা হয় তার স্বামী, চক্রের মূল হোতা কাওরান ইসলাম আকাশকে। তারা গত ছয়দিন আগে রূপাতলী আহমেদ মোল্লা সড়কে ব্যাংক কর্মকর্তার মালিকানাধীন 'বুশরা মঞ্জিল' নামক বাড়ির ফ্ল্যাট ভাড়া নিয়ে বিভিন্ন ব্যক্তিদের নানাভাবে বাসায় ডেকে নিয়ে প্রলোভন দেখিয়ে ফাঁদে ফেলে সর্বস্ব হাতিয়ে নিচ্ছিল। ভুক্তভোগী বরিশালের বাবুগঞ্জ উপজেলার চাঁদপাশা বাসিন্দা ইলেকট্রিক মিস্ত্রি মো. ইউসুফ বলেন, নগরীর কাশিপুর এলাকায় সুমাইয়া আক্তার নামের ওই নারীর সঙ্গে দেখা হয় তার। তখন রূপাতলীর বাসায় বিদ্যুৎ লাইন মেরামতের জন্য বলেন তিনি। এ সময় তার সঙ্গে আরেকটি মেয়ে ছিল। তিনি বলেন, গত ৫ মে সন্ধ্যা ৬টার দিকে সহকারী মোতাহারকে নিয়ে রূপাতলী আহমেদ মোল্লা সড়কের ওই বাসায় বিদ্যুতের লাইন মেরামত করার জন্য যান তারা। সেখানে মোতাহারকে নিচে মোটরসাইকেলের কাছে দাঁড় করিয়ে রেখে সেই নারীর সাথে তৃতীয় তলার একটি ফ্ল্যাটে যান তিনি। এসময় ভবনের সামনে দাঁড়িয়ে থাকা দুই যুবক আমাকে দেখে আগেভাগে ওপরে উঠে যায়। তখনই বিষয়টি সন্দেহ হয়। ইউসুফ বলেন, ঘরের মধ্যে ঢোকার পর পরই দরজা বন্ধ করে দিয়ে লাইটগুলো অফ করে দেয় চক্রের সদস্যরা।

২ এর পাতায় দেখুন

মাইলস্টোন ট্র্যাজেডি

ড. ইউনূসসহ ১৬ জনের বিরুদ্ধে মামলা সকালে বিকেলে খারিজ

কীর্তনখোলা ডেস্ক

রাজধানীর উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজে বিমান দুর্ঘটনায় শিক্ষার্থীদের নিহতের ঘটনায় অবহেলাজনিত মৃত্যুর অভিযোগে দায়ের হওয়া মামলা খারিজ করে দিয়েছেন আদালত। মামলায় সাবেক অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ও সাবেক আইন উপদেষ্টা আসিফ নজরুলসহ ১৬ জন এ মামলার আসামি ছিলেন। বৃহস্পতিবার বিকেলে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলাম মামলা খারিজের

২ এর পাতায় দেখুন

হাম ও হামের উপসর্গে আরও ১২ জনের মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক

সারাদেশে গত ২৪ ঘণ্টায় হাম ও হামের উপসর্গে ১২ জন মারা গেছে। তাদের মধ্যে একজন হামে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছে বলে নিশ্চিত করেছে স্বাস্থ্য অধিদপ্তর। বাকি ১১ জনের মৃত্যু হয়েছে হামের উপসর্গ নিয়ে। বৃহস্পতিবার (৭ মে) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত হামে ৫৭ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে

২ এর পাতায় দেখুন

১২ মে থেকে ঈদ পর্যন্ত রাত ১০টা অবধি দোকানপাট খোলা

কীর্তনখোলা ডেস্ক

দোকানপাট ও বিপণিবিতান সন্ধ্যা ৭টায় বন্ধের নির্দেশ দিয়েছিল সরকার। তবে পবিত্র ঈদুল আজহা উপলক্ষে আগামী মঙ্গলবার (১২ মে) থেকে রাত ১০টা পর্যন্ত খোলা থাকবে বলে জানিয়েছেন দোকান মালিক সমিতির সভাপতি হেলাল উদ্দিন। বৃহস্পতিবার (৭ মে) এক ভিডিও বার্তায় দোকান মালিক সমিতির সভাপতি এই তথ্য জানান। ভিডিও বার্তায় হেলাল উদ্দিন বলেন, ঈদুল আজহা উপলক্ষে আমরা সন্ধ্যা ৭টার

২ এর পাতায় দেখুন

রাজধানীতে চিকিৎসাধীন থাকা প্রবীণ সাংবাদিক ও আইনজীবী ইসমাইল হোসেন নেগাবান মন্টুর খোঁজখবর নেন বিসিসি প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন -কীর্তনখোলা

লালমোহনে দুই পক্ষের সংঘর্ষ নিহত এক, গ্রেফতার চার

লালমোহন প্রতিনিধি

ভোলার লালমোহন উপজেলায় গাছ থেকে নারিকেল পাড়াকে কেন্দ্র করে দুই পক্ষের সংঘর্ষে মো. মাসুদ (৫০) নামে এক ব্যক্তি নিহত হয়েছেন। এ ছাড়াও সংঘর্ষে উভয় পক্ষের আরও অন্তত ৯ জন আহত হয়েছেন। এ ঘটনায় দায়েরকৃত হত্যা মামলার ৪ আসামিকে গ্রেপ্তার করেছে পুলিশ। নিহত মাসুদ হাওলাদার লালমোহন পৌরসভার ১০ নম্বর ওয়ার্ডের চর ছকিনা এলাকার মৃত আলী আজগরের ছেলে। গ্রেপ্তারকৃতরা হলেন- মামলার প্রধান আসামি আক্তার (৪০), রেশমা (৩০), তানভীর (১৮) ও ফিরোজ (৪০)। তারা সকলেই ওই একই এলাকার বাসিন্দা এবং প্রতিবেশী। বৃহস্পতিবার (৭ মে) দুপুর ১টার দিকে বিষয়টি নিশ্চিত করেন লালমোহন থানা পুলিশের পরিদর্শক (ওসি-তদন্ত) মো. মাসুদ হাওলাদার। এর আগে বুধবার (৬ মে) দিবাগত রাত আনুমানিক সাড়ে ১১টার দিকে উন্নত চিকিৎসার জন্য লালমোহন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে বরিশাল নেওয়ার পথে তার মৃত্যু হয়। পুলিশ ও মামলার এজাহার সূত্রে জানা যায়, নিহত মাসুদ ও মো.আক্তার উভয়ই একই বাড়ির বাসিন্দা। দীর্ঘদিন ধরে তাদের মধ্যে জমিজমা নিয়ে বিরোধ চলে আসছিল। বুধবার দুপুরে মো. আক্তার

২ এর পাতায় দেখুন

ফেসবুকে 'উড়াল দেবো আকাশে' স্ট্যাটাস দিয়ে নিখোঁজ ইউপি সদস্য

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালীর সদর উপজেলার লোহালিয়া ইউনিয়নের ৩ নম্বর ওয়ার্ডের ইউপি সদস্য মো. শহিদুল ইসলাম জোমাদ্দার (৩৮) ২ দিন ধরে নিখোঁজ রয়েছেন। সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে 'উড়াল দেবো আকাশে' লিখে একটি স্ট্যাটাস দেওয়ার পর থেকেই তার খোঁজ মিলছে না বলে জানিয়েছেন পরিবারের সদস্যরা। শহিদুল ইসলাম দক্ষিণ লোহালিয়া এলাকার

২ এর পাতায় দেখুন

টানা ৫ বার যুক্তরাজ্যের রামসগেটের মেয়র হলেন পিরোজপুরের পুত্রবধূ

পিরোজপুর প্রতিনিধি

যুক্তরাজ্যের কেন্টের রামসগেট শহরের মেয়র নির্বাচনে আবারও ইতিহাস গড়লেন পিরোজপুরের পুত্রবধূ রৌশন আরা দোলন। বুধবার (৬ মে) স্থানীয় সময় সন্ধ্যায় অনুষ্ঠিত কাউন্সিলরদের বার্ষিক সভায় ৯৯ শতাংশ সমর্থন পেয়ে টানা পঞ্চমবারের মতো তিনি মেয়র নির্বাচিত হয়েছেন। রৌশন আরা দোলন পিরোজপুর পৌর শহরের সিআইপাড়া এলাকার ইংল্যান্ড প্রবাসী ব্যবসায়ী রেজাউর রহমান জামানের স্ত্রী। তিনি রামসগেট শহরের প্রথম বাঙালি ও প্রথম এশীয় নারী মেয়র হিসেবে আগেই ইতিহাস গড়েছিলেন। নির্বাচনের ফলাফল ঘোষণার পর প্রতিক্রিয়ায় রৌশন আরা দোলন বলেন, এই দায়িত্ব তার জন্য অত্যন্ত সম্মানের ও গৌরবের। তিনি ওই শহরের স্বেচ্ছাসেবক, সংগঠক

২ এর পাতায় দেখুন

নিখোঁজের ৫ দিন পর মায়ের কোলে ফিরলো শান

কীর্তনখোলা রিপোর্ট

নিখোঁজের পাঁচ দিন পর মায়ের কোলে ফিরেছে বরিশাল কালেক্টরেট স্কুলের সপ্তম শ্রেণির শিক্ষার্থী সৌরভ দাস শান। কক্সবাজার থেকে উদ্ধারের পর তাকে পরিবারের কাছে হস্তান্তর করা হয়। বৃহস্পতিবার (৭ মে) দুপুরে সৌরভ দাসকে হস্তান্তর

২ এর পাতায় দেখুন

গৌরনদীতে দৈনিক আজকালের কণ্ঠ'র ৫ম বর্ষে পদার্পণ উদযাপন

গৌরনদী প্রতিনিধি

বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশের অঙ্গীকার নিয়ে বরিশালের গৌরনদীতে দৈনিক আজকালের কণ্ঠ পত্রিকার ৫ম বর্ষে পদার্পণ উপলক্ষে কেক কাটা ও আলোচনা সভা বৃহস্পতিবার (৭ মে) সকাল ১০টায় গৌরনদী বাসস্ট্যান্ড এলাকার চরুইভাতি রেস্টুরেন্টে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। দৈনিক আজকালের কণ্ঠ এর গৌরনদী উপজেলা

২ এর পাতায় দেখুন

ফোন কেনার টাকা না পেয়ে যুবকের আত্মহত্যা

কলাপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর কলাপাড়ায় মায়ের কাছে স্মার্ট ফোন কেনার টাকা না পেয়ে অভিমানে আত্মহত্যা করেছে শাকিল গাজী (২২) নামে এক যুবক। বৃহস্পতিবার (৭ মে) রাত আড়াইটার দিকে উপজেলার চাকামইয়া গ্রামে এ ঘটনা ঘটে। নিহত শাকিল গাজী ওই গ্রামের শাহআলম গাজীর ছেলে। নিহতের বাবা শাহআলম গাজী জানান, আমার ছেলে বিবাহিত তাই তাকে একটি ইজিবাইক কিনে দিয়েছিলাম। কিন্তু সে ঠিকমতো তা

২ এর পাতায় দেখুন

মেহেন্দিগঞ্জে কৃষকের স্বাস্থ্য নিরাপত্তা বিষয়ে পার্টনার ফিল্ড স্কুল কংগ্রেস

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

বরিশালের মেহেন্দিগঞ্জ উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর আয়োজিত নিরাপদ খাদ্য উৎপাদন ও কৃষকের স্বাস্থ্য নিরাপত্তা বিষয়ে পার্টনার ফিল্ড স্কুল কংগ্রেস অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে উপজেলা পরিষদ সভাকক্ষে কৃষক-কৃষাণিদের অংশগ্রহণে পার্টনার ফিল্ড স্কুল কংগ্রেস অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, বরিশাল জেলা

২ এর পাতায় দেখুন

প্রেমিকাকে বাসায় ডেকে এনে হত্যা, প্রেমিক গ্রেফতার

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের উজিরপুরে কলেজছাত্রী সানজিদা কবির আনিতা (২১) হত্যা মামলার প্রধান আসামি ও তার প্রেমিক মো. মাইনুল ইসলাম হিমুকে (৩২) গ্রেপ্তার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)-৮। বৃহস্পতিবার (৭ মে) সকালে উপজেলার ইছলাদী টোল প্লাজা এলাকা থেকে তাকে আটক করা হয়। গ্রেপ্তারকৃত হিমু ঝালকাঠি সদর উপজেলার কাঠপট্টি এলাকার মুহাম্মদ গোলাম মোর্শেদ জিলানীর ছেলে। তিনি বরিশাল নগরীর পশ্চিম বগুড়া রোড এলাকার রাফি মঞ্জিলের ছয়তলায় ভাড়া বাসায় থাকতেন। র‍্যাব-৮ সূত্র জানায়, নিহত আনিতার সঙ্গে হিমুর প্রায় দুই বছর ধরে প্রেমের সম্পর্ক ছিল। গত ২৩ এপ্রিল সকালে আনিতা বোনের বাসায় যাওয়ার কথা বলে বাড়ি থেকে বের হন। এরপর দীর্ঘ সময় তার মোবাইল ফোন বন্ধ থাকায় পরিবারের সদস্যরা উদ্বিগ্ন হয়ে খোঁজাখুঁজি শুরু করেন। একপর্যায়ে তারা জানতে পারেন, আনিতা বগুড়া রোডের অক্সফোর্ড মিশন প্রাইমারি স্কুলের বিপরীত পাশের

২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপন্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা, সদর রোড, বরিশাল, 01932-314219
ইসলামিয়া লাইব্রেরি, প্যারারাোড, সদর রোড, বরিশাল, 01711-264963
অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868515
অংকুর লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01708-868514
খন্দকার লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01711-047767
নিউ মাহবুব লাইব্রেরি, সদর রোড, বরিশাল, 01763-107720
রহমান বুক হাউজ, প্যারারাোড, সদর রোড, বরিশাল, 01718-670945
মজুমদার লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল, 01716-139268
অমৃত লাইব্রেরি, অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল, 01719-408049
নিউ কলেজ লাইব্রেরি, বি.এম কলেজের সামনে, 01726-074663
হক লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে, 01724-851658
আশরাফিয়া লাইব্রেরি, বি.এম কলেজ মসজিদ গেট, 01717-488083

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

-মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

কড়া নজরদারি নিশ্চিত করুন

দেশের বাজারের প্রকৃত চিত্র হলো, নকল ও অবৈধ পণ্যের ভিড়ে আসল পণ্য খোঁজে পাওয়া কঠিন। বেশির ভাগ পণ্যই ভেজাল। এমনকি জীবনরক্ষাকারী ওষুধের মানও ঠিক নেই, নকল ওষুধে বাজার সয়লাব। এতে বিপুলসংখ্যক ভোক্তাসমাজ যেমন প্রতিদিন প্রতারিত হচ্ছে, একই সঙ্গে সরকার হারাচ্ছে মোটা অঙ্কের রাজস্ব। আবার প্রকৃত ব্যবসায়ীরাও ক্ষতিগ্রস্ত হচ্ছেন। আয়োজিত 'অবৈধ পণ্যের দৌরাত্ম্য : ব্যবসায়ীদের নাভিশ্বাস, করণীয় কী' শীর্ষক গোলটেবিল বৈঠকে এমন উদ্বেগজনক চিত্র ওঠে এসেছে। নকল ও অবৈধ পণ্যের বাজার ছোট নয়; বরং অনেক বড়। গোলটেবিল বৈঠকের বক্তারা জানিয়েছেন, এই বাজার ৪০ থেকে ৫০ হাজার কোটি টাকার। এসব পণ্যই আমরা নিরাপদ ভেবে ক্রয় করছি। এই অবৈধ তৎপরতার সঙ্গে যারা জড়িত, তারা মুনাফা বাগিয়ে নিলেও একই পণ্য উৎপাদন করে প্রকৃত ব্যবসায়ীরা লোকসানের মুখে পড়ছেন। জানা গেছে, গ্রাম পর্যায়ে নকল পণ্যের দাপট বেশি। ওষুধশিল্প সমিতির নির্বাহী পরিচালক সাইফুল ইসলাম জানান, দেশে বছরে প্রায় দেড় হাজার কোটি টাকার ভেজাল ওষুধ বাজারে রয়েছে। গ্রামে নকল ওষুধ বিস্তারের অন্যতম কারণ হলো দাম। স্বীকৃত কম্পানির ওষুধের তুলনায় নকল ওষুধ ৩০ থেকে ৪০ শতাংশ কম। ফলে নিম্ন আয়ের মানুষ সেগুলোই কেনে। শুধু ওষুধ নয়, অন্যান্য পণ্যের বেলায়ও একই কথা প্রযোজ্য। বৈঠকে ভেজাল ও নকল পণ্যের দৌরাত্ম্য নিয়ে অনেকেই বলেন, কড়া নজরদারির যেমন অভাব রয়েছে, রয়েছে আইনের দুর্বলতাও। শাস্তি হিসেবে অল্প জরিমানা করা হয়। এতে দেখা যায়, ভেজাল কারবারিরা বরং নতুন কৌশলে নিজের তৎপরতা জারি রাখেন। রয়েছে ভোক্তাসমাজের অসচেতনতাও। বৈঠকের প্রধান অতিথির বক্তব্যে অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়ের উপদেষ্টা ড. রাশেদ আল মাহমুদ তিতুমীর বলেন, 'মানুষ যখন প্রকৃত নাগরিক হয়ে উঠবে, তখনই সে বৈধ-অবৈধকে চ্যালেঞ্জ করবে। আইন প্রয়োগকারী সংস্থা তখনই আইন প্রয়োগে বাধ্য হবে।' এ ছাড়া বিএসটিআই, নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর এবং কনজিউমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব)-এর মতো প্রতিষ্ঠানগুলোর সক্ষমতা বৃদ্ধির দিকে গুরুত্বারোপ করেন শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. ফিরোজ উদ্দীন। খোদ ভোক্তা অধিদপ্তরের রয়েছে বড় দুর্বলতা। পণ্য আসল নাকি নকল, তা শনাক্ত করার নিজস্ব ল্যাব পর্যন্ত তাদের নেই। দেখা যাচ্ছে, নকল ও অবৈধ পণ্য বিস্তারের কারণ একটি নয়, অনেক। এ কারণে বিশেষজ্ঞদের পরামর্শ হলো, পরিস্থিতি উত্তরণে সমন্বিত উদ্যোগ নিতে হবে। আমরাও মনে করি, কড়া নজরদারি ও সঠিক আইন প্রয়োগের মধ্য দিয়ে পরিস্থিতির অনেকটাই উন্নতি করা সম্ভব।

শাপলা চত্বর হত্যাকাণ্ড ভিন্ন

অনুষ্ঠান পূর্ব পরিকল্পনার অংশ ছিল বলে জানিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। এই হত্যাকাণ্ডকে তারা ভিন্ন খাতে নেওয়ার চেষ্টা করেছিল বলেও জানান তিনি। বৃহস্পতিবার (৭ মে) ট্রাইব্যুনালের সেমিনার কক্ষে সাংবাদিকদের এসব কথা বলেন চিফ প্রসিকিউটর। তিনি বলেন, মামলার তদন্তের স্বার্থে ফারজানা রুপা, মোজাম্মেল বাবু ও দীপু মনিকে জিজ্ঞাসাবাদ করা প্রয়োজন। ঘটনায় সংশ্লিষ্টতা পাওয়া গেলে তাদের এ মামলায় আসামি করা হবে বলেও উল্লেখ করেন চিফ প্রসিকিউটর। তিনি বলেন ,শাপলা চত্বরের ঘটনার প্রকৃত চিত্র আড়ালের চেষ্টা করেছিলেন মোজাম্মেল বাবু ও ফারজানা রুপা। মৃত্যুর তথ্য লুকাতে ঘটনাটি ভিন্নখাতে নেওয়ারও প্রচেষ্টা ছিল তাদের। মো. আমিনুল ইসলাম বলেন, ২০১৩ সালের ৫ মে নারকীয় হত্যাকাণ্ডের পরপরই 'সমীকরণ' নামে একটি অনুসন্ধানী প্রতিবেদনের মাধ্যমে পরিকল্পিতভাবে বিভ্রান্তিকর তথ্য ছড়ানো হয়েছিল একাত্তর টেলিভিশনে। ওই প্রতিবেদনে এমন ধারণা দেওয়ার চেষ্টা করা হয় যে, শাপলা চত্বরে কোনো হতাহতের ঘটনা ঘটেনি। আমিনুল ইসলাম বলেন, এ মামলার তদন্তে আমরা কিছু নতুন তথ্য পেয়েছি। এর মধ্যে 'সমীকরণ' নামে একটি অনুসন্ধানী প্রতিবেদন প্রচার করেছেন ফারজানা রুপা। সেখানে তৎকালীন পররাষ্ট্রমন্ত্রী দীপু মনির একটি সাক্ষাৎকার রয়েছে। এছাড়া সাংবাদিক মোজাম্মেল বাবুরও সংশ্লিষ্টতা পাওয়া গেছে। তিনি বলেন, ঘটনার পরপরই প্রতিবেদনটি প্রচার করা হয়েছিল। শাপলা চত্বরে সারা দেশব্যাপী আলোড়ন সৃষ্টিকারী একটি ঘটনা ঘটল। এরপর সেই ঘটনাটি একেবারেই ভিন্নখাতে নিতে কিছু বিতর্কিত মানুষের বক্তব্য নিয়ে বিভ্রান্তিকর তথ্য প্রচার করেন ফারজানা রুপা। চিফ প্রসিকিউটরের দাবি, শাপলা চত্বরের প্রকৃত ঘটনাটাকে আড়ালের ক্ষেত্রে মোজাম্মেল বাবু ও ফারজানা রুপার অনন্য ভূমিকা ছিল। মৃত্যুর তথ্য লুকাতেও তারা চেষ্টা করেন। তাদের এই প্রচেষ্টা সিস্টেমেটিক অ্যাটাকের মধ্যেই ছিল। তারা পূর্বপরিকল্পনা অনুযায়ী পদ্ধতিগত কাজটি বাস্তবায়ন করেছেন। কারণ তাদের প্রচারিত প্রতিবেদনে একেবারেই কোনো সত্যতা ছিল না। সাক্ষাৎকার নেওয়া সাংবাদিক ও ব্যক্তিরা খুব বিতর্কিত ছিলেন। রাজধানীর মতিঝিলে শাপলা চত্বরে ২০১৩ সালের ৫ মে হেফাজতে ইসলামের সমাবেশে হত্যার ঘটনায় মানবতাবিরোধী অপরাধের মামলায় সাবেক মন্ত্রী ডা. দীপু মনি, সাংবাদিক মোজাম্মেল বাবু এবং ফারজানা রুপাকে হাজির করার নির্দেশ দিয়েছেন আদালত। এ দিন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এ আদেশ দেয়। এ মামলায় তাদের ১৪ মে ট্রাইব্যুনালে হাজির করতে হবে। বিষয়টি সাংবাদিকদের নিশ্চিত করেন চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। প্রসিকিউশন সূত্র মতে, শাপলা চত্বরে হেফাজতে ইসলামের সেই সমাবেশকে কেন্দ্র করে দেশের বিভিন্ন স্থানে নিহত ৫৮ জনের পরিচয় নিশ্চিত হওয়া গেছে। নিহতদের মধ্যে ঢাকায় ৩২, নারায়ণগঞ্জে ২০, চট্টগ্রামে ৫ ও কুমিল্লায় একজন রয়েছেন। এ মামলায় ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে প্রধান আসামি করা হবে। মামলাটি তদন্তের পর্যায়ে রয়েছে। তদন্তের অংশ হিসেবে নিহতদের কবর পরিদর্শন এবং পরিবারের সদস্যদের সঙ্গে তদন্ত সংস্থার লোকজন কথা বলেছেন। এই মামলায় ছয় আসামি গ্রেফতার হয়েছেন। তারা হলেন সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী শামসুল হক টুকু, মেজর জেনারেল (অব.) জিয়াউল আহসান, পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) এ কে এম শহীদুল হক, পুলিশের সাবেক উপমহাপরিদর্শক (ডিআইজি) মোল্যা নজরুল ইসলাম, একাত্তরের ঘাতক-দালাল নির্মূল কমিটির উপদেষ্টা মণ্ডলীর সভাপতি শাহরিয়ার কবির এবং সাবেক ডিআইজি আবদুল জলিল মণ্ডল। ২০১৩ সালের ৫ মে শাপলা চত্বরের এ হত্যাকাণ্ড নিয়ে ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর বরাবর অভিযোগ করেন হেফাজতে ইসলামের নেতা আজিজুল হক। হেফাজত নেতা জুনায়েদ আল হাবিব ও মাওলানা মামুনুল হকের পক্ষে তিনি এ অভিযোগ করেন। এ ঘটনায় ২১ জনকে আসামি করা হয়।

দেশবিরোধী গোষ্ঠীগুলো সাম্প্রদায়িকতা

বিরোধীদলীয় চিফ হুইপ ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম। তিনি বলেছেন, দেশবিরোধী গোষ্ঠীগুলো সাম্প্রদায়িকতা উসকে দেওয়ার চেষ্টা করবে, তাই সবাইকে সতর্ক থাকতে হবে। বৃহস্পতিবার বিকেলে চট্টগ্রাম প্রেসক্লাবের জুলাই স্মৃতি হলে এনসিপি আয়োজিত যোগদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে নাহিদ এসব কথা বলেন। নাহিদ ইসলাম বলেন, পশ্চিমবঙ্গ বাংলাদেশের পার্শ্ববর্তী একটি গুরুত্বপূর্ণ অঞ্চল। সেখানে অনুষ্ঠিত নির্বাচন ভারতের অভ্যন্তরীণ বিষয় হলেও নির্বাচনের আগে কয়েক লাখ ভোটারের নাগরিকত্ব কেড়ে নেওয়া ও ভোটাধিকার থেকে বঞ্চিত করার অভিযোগ উঠেছে। তাঁর দাবি, এসব ভোটারের বড় একটি অংশ ছিল মুসলমান ও মতুয়া সম্প্রদায়ের। নাহিদ ইসলাম আরও বলেন, 'আমি সংসদেও বলেছি, সেখানে মুসলমানদের নির্যাতন করা হচ্ছে, তাঁদের ভোটাধিকার কেড়ে নেওয়া হচ্ছে। এর প্রভাব বাংলাদেশেও পড়বে।' নির্বাচনের পরও পশ্চিমবঙ্গে মুসলিম, মতুয়া, দলিত ও সংখ্যালঘু জনগোষ্ঠীর ওপর নির্যাতনের অভিযোগ করেন তিনি। বাংলাদেশে সম্ভাব্য সাম্প্রদায়িক উসকানির বিষয়ে সতর্ক করে এনসিপির আহ্বায়ক বলেন, 'বাংলাদেশবিরোধী ও দেশের স্বার্থবিরোধী গোষ্ঠীগুলো নানা উসকানি দেবে, সাম্প্রদায়িকতা ছড়ানোর চেষ্টা করবে, প্রোপাগান্ডা চালাবে। আমাদের সবাইকে এ বিষয়ে সচেতন থাকতে হবে।' এনসিপির আহ্বায়ক বলেন, 'পশ্চিমবঙ্গের নির্বাচনের পর বাংলাদেশের দায়িত্ব অনেক বেড়ে গেছে। এ দেশের হিন্দু, মুসলমান, বৌদ্ধ ও খ্রিষ্টান সব নাগরিকের নিরাপত্তা এবং অধিকার নিশ্চিত করার দায়িত্ব আমাদেরই নিতে হবে।' নাহিদ ইসলাম বলেন, বাংলাদেশকে এমন একটি রাষ্ট্র হিসেবে গড়ে তুলতে হবে, যেখানে দক্ষিণ এশিয়ার মধ্যে সংখ্যালঘুরা সবচেয়ে বেশি নিরাপদ বোধ করবে। তিনি মুসলমান, দলিত, মতুয়াসহ সব সম্প্রদায়ের মানুষের অধিকারের পক্ষে সোচ্চার থাকার আহ্বান জানান। অনুষ্ঠানে চট্টগ্রামে এনসিপিতে নতুন যোগদান করা ব্যক্তিদের স্বাগত জানিয়ে দলীয় নেতা-কর্মীদের ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়ে নাহিদ বলেন, 'আমাদের নিজেদের মধ্যে কোনো দ্বন্দ্ব রাখা যাবে না। যে যেখান থেকেই আসুক, এনসিপির পতাকাতলে সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। ঐক্যই আমাদের সবচেয়ে বড় শক্তি।' বক্তব্যের শেষ দিকে উপস্থিত নেতা-কর্মীদের উদ্দেশে নাহিদ ইসলাম প্রশ্ন রাখেন, 'আমরা কি সবাই ঐক্যবদ্ধ থাকব?' জবাবে নেতা-কর্মীরা 'ইনশা আল্লাহ' বলে সমর্থন জানান।

পর্যায়ক্রমে মাঠ থেকে সেনাবাহিনী

পর্যায়ক্রমে তুলে নেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ। বৃহস্পতিবার (৭ মে) সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক সভা শেষে তিনি এ তথ্য জানান। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আইনের উর্ধ্বে কেউ নয়। চাঁদাবাজ, মাদক ব্যবসায়ী ও সন্ত্রাসী গ্রেপ্তারে সময় শেষ হয়ে যায়নি; অভিযান অব্যাহত আছে। তিনি বলেন, দেশে আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি হয়েছে। ফলে অনির্দিষ্টকালের জন্য সেনাবাহিনীকে মাঠে রেখে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ করা হবে না। পর্যায়ক্রমে মাঠ থেকে সেনাবাহিনী প্রত্যাহারের উদ্যোগ নেওয়া হচ্ছে। নির্বাচিত রাজনৈতিক সরকার দায়িত্ব গ্রহণ করেছে এবং পুলিশ বাহিনীকে আবারও সুশৃঙ্খল অবস্থায় ফিরিয়ে আনার বিষয়ে সরকারের আস্থা তৈরি হয়েছে। তিনি বলেন, আমরা বিশ্বাস করি পুলিশ বাহিনীকে একটি কার্যকর ও সুশৃঙ্খল অবস্থায় ফিরিয়ে আনতে পেরেছি। জনগণের মনেও সেই বিশ্বাস তৈরি হয়েছে। তাই পর্যায়ক্রমে সেনাবাহিনীকে মাঠ থেকে প্রত্যাহারের উদ্যোগ নেওয়া হচ্ছে। তবে কীভাবে এই প্রত্যাহার কার্যক্রম পরিচালিত হবে, সে বিষয়ে পুলিশ, সেনাবাহিনী ও সংশ্লিষ্ট অন্যান্য সংস্থা একসঙ্গে বসে পরিকল্পনা নির্ধারণ করবে বলেও জানান তিনি। চলমান বিশেষ অভিযান প্রসঙ্গে এক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, চাঁদাবাজ, সন্ত্রাসী, মাদক কারবারি, জুয়াড়ি ও অস্ত্রধারীদের বিরুদ্ধে প্রতিনিয়ত অভিযান পরিচালনা করা হচ্ছে। তিনি বলেন, সময় শেষ হয়ে যায়নি। অপেক্ষা করুন, দেখতে পাবেন অভিযান চলছে। প্রতিদিনই দাগী আসামি গ্রেপ্তার হচ্ছে। মাদক, সন্ত্রাসবাদ, জুয়া ও অস্ত্র সংক্রান্ত অপরাধীদের আটক করা হচ্ছে। তিনি আরও বলেন, আটক ব্যক্তিদের বিরুদ্ধে আইনি প্রক্রিয়া চালানো হচ্ছে এবং কোথাও কোথাও যৌথ অভিযানও পরিচালিত হচ্ছে। পাশাপাশি আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা এককভাবেও অভিযান পরিচালনা করছে। 'বড় গডফাদারদের' বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে না, এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, আইনের উর্ধ্বে কেউ নয়। সঠিকভাবে তালিকা প্রণয়ন করেই অভিযানে নামা হয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী দাবি করেন, সরকারের চলমান অভিযানের ফলে দেশে আইনশৃঙ্খলা পরিস্থিতির দৃশ্যমান উন্নতি হয়েছে। যদিও এ বিষয়ে ভিন্নমত থাকতে পারে বলেও মন্তব্য করেন তিনি।

৭ জুন বসছে সংসদের

মো. সাহাবুদ্দিন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৭২ অনুচ্ছেদের (১) দফায় প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি ঢাকার শেরে বাংলা নগরে অবস্থিত জাতীয় সংসদ ভবনের সংসদ কক্ষে এ অধিবেশন আহ্বান করেন। মূলত এই অধিবেশনেই ২০২৬-২৭ অর্থবছরের জাতীয় বাজেট পেশ ও পাস করার কার্যক্রম সম্পন্ন হবে। বৃহস্পতিবার (০৭ মে) জাতীয় সংসদ সচিবালয়ের সচিব ব্যারিস্টার মো. গোলাম সরওয়ার ভূঁইয়া স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান। রাষ্ট্রপতির এই আদেশ জারির পর সংসদ সচিবালয়ের পক্ষ থেকে অধিবেশনটি যথাযথভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় সব প্রস্তুতি গ্রহণ শুরু হয়েছে। সংসদ সচিবালয়ের উপসচিব শওকত আকবর স্বাক্ষরিত এক চিঠিতে বাংলাদেশ সরকারি মুদ্রণালয়কে এ সংক্রান্ত গেজেট প্রকাশের অনুরোধ জানানো হয়েছে। একই সঙ্গে সংসদ বাংলাদেশ টেলিভিশন, রেডিও, সংবাদপত্র ও অন্যান্য সংবাদ মাধ্যমে এই বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য সংশ্লিষ্ট বিভাগগুলোকে প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে। প্রতি বছর জুন মাসে জাতীয় বাজেটের ওপর আলোচনার জন্য সংসদ অধিবেশন বসে, যা বাজেট অধিবেশন হিসেবে পরিচিত। আসন্ন অধিবেশনে বর্তমান সরকারের উন্নয়ন লক্ষ্যমাত্রা ও অর্থনৈতিক পরিকল্পনার প্রতিফলন হিসেবে নতুন অর্থবছরের বাজেট পেশ করা হবে এবং এর ওপর সংসদ সদস্যরা বিস্তারিত আলোচনায় অংশ নেবেন।

ফোন কেনার টাকা না

পরিচালনা করতো না। উল্টো ঘরে তার স্ত্রীকে মারধর করত। তিনি আরও জানান, বুধবার (৬ মে) রাতের খাবার শেষে ওর মায়ের কাছে একটি স্মার্ট ফোনের আবদার করে। কিন্তু হাতে টাকা না থাকায় পরে দেওয়ার কথা বলা হলে তার নিজের রুমে গিয়ে অভিমান করে বসে ছিল। জানতে চাইলে বাতাসে শরীর ঠান্ডা করার কথা বলে। কিন্তু রাত আড়াইটার দিকে আমি বাহিরে বের হলে ঘরের পেছনে শাকিলকে আমগাছের সঙ্গে ঝুলন্ত অবস্থায় দেখতে পাই। ফোনের টাকা না পেয়ে অভিমানে এমনটা করেছে বলে জানান তিনি। কলাপাড়া থানার তদন্ত কর্মকর্তা ইলিয়াস তালুকদার বলেন, ভোররাতে খবর পেয়ে মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে আসা হয়। পরে সুরতহাল শেষে লাশ মর্গে প্রেরণ করা হয়েছে। তিনি বলেন, ফোন কেনার আবদার করে টাকা না পাওয়ায় অভিমানে সে গলায় ফাঁস দিয়েছে বলে জানতে পেরেছি। পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

নিখোঁজের ৫ দিন পর মায়ের

করে পুলিশ। এসময় হারানো সন্তানকে ফিরে পেয়ে আনন্দে আবেগাপ্লুত হয়ে পড়েন শানের মা মিতু রাণীসহ পরিবারের সদস্যরা। বড় ভাইকে পাশে পেয়ে খুনসুটি আর দুষ্টুমিতে মেতে ওঠে ছোট বোনটিও। এর আগে বুধবার (৬ মে) রাত ৩টার দিকে স্থানীয়দের সহযোগিতায় কক্সবাজার ঈদগাহ থানা পুলিশ উদ্ধার করে নিখোঁজ সৌরভ দাস শানকে। সেখান থেকে বৃহস্পতিবার সকালে তাকে বরিশাল মেট্রোপলিটন পুলিশের কাউনিয়া থানায় নিয়ে আসা হয়। এসময় তার মা ও পরিবারের সদস্যরা সঙ্গে ছিলেন। সেখানে বরিশাল মেট্রোপলিটন পুলিশের উপপুলিশ কমিশনার (উত্তর) শানের নিখোঁজ হওয়ার বিষয়টি নিয়ে সংবাদ সম্মেলন করেন। সংবাদ সম্মেলনে পুলিশ জানান, গত ২ মে রাত সাড়ে ৯টার দিকে খিচুড়ি কিনতে মায়ের মোবাইল নিয়ে বের হয়ে ভাটিখানা মন্দিরের সামনে যায়। সেখানে একটি বিকাশের দোকান থেকে ৮০০০ টাকা উত্তোলন করে পার্শ্ববর্তী দোকানে খিচুড়ি কিনতে যায়। এরপর থেকেই নিখোঁজ হয় শান। উপপুলিশ কমিশনার জানান, এ ঘটনায় লিখিত অভিযোগ পেয়ে পুলিশের একাধিক টিম তাকে উদ্ধারে কাজ শুরু করে। পরে ৬ মে কক্সবাজার থেকে শানকে উদ্ধার করে পুলিশ। তার নিখোঁজের বিষয়টি নিয়ে তদন্ত চলছে। তাকে পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। ফিরে আসা শান জানায়, টাকা তুলে খিচুড়ির অর্ডার দিয়ে সামনে হাঁটা চলা করার সময় এক ব্যক্তি তার কাছে একটি কাগজ দিয়ে ঠিকানা জানতে চায়। এর পর থেকে তার আর কিছু মনে নেই। শানকে ফিরে পেয়ে স্বস্তি ফিরেছে তার পরিবারে। সবার প্রতি কৃতজ্ঞতাও প্রকাশ করেছেন তার মা মিতু রাণী দাসসহ পরিবারের সদস্যরা।

গৌরনদীতে দৈনিক আজকালের

প্রতিনিধি এ এস মামুনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গৌরনদী উপজেলা নির্বাহী কর্মকর্তা ও পৌর প্রশাসক মো. ইব্রাহিম। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপির আহ্বায়ক সৈয়দ সরোয়ার আলম বিপ্লব, সরকারি গৌরনদী কলেজের অধ্যক্ষ ড. মহিউদ্দিন, গৌরনদী প্রেসক্লাবের সভাপতি ও বিআরডিবির সাবেক চেয়ারম্যান সিনিয়র সাংবাদিক জহুরুল ইসলাম জহির এবং বিশিষ্ট চিকিৎসক ডা. সমীর চাকলাদার। এসময় আরও উপস্থিত ছিলেন গৌরনদী প্রেসক্লাবের সাধারণ সম্পাদক এস এম জুলফিকার, সাবেক সভাপতি মো. গিয়াস উদ্দিন মিয়া, প্রচার সম্পাদক মো. হাসান মাহমুদ, সাংবাদিক সোলায়মান তুহিন, মো. গোলাম মোস্তফা হাওলাদার, বি এম বেলাল, মনীষ চন্দ্র বিশ্বাস, প্রেমানন্দ ঘরামী, আবু সাঈদ, তানবিরুল ইসলাম সোহেলসহ বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সংবাদকর্মীরা। আলোচনা সভায় বক্তারা বলেন, বস্তুনিষ্ঠ ও সাহসী সংবাদ পরিবেশনের মাধ্যমে দৈনিক আজকালের কণ্ঠ ইতোমধ্যেই পাঠকমহলে বিশেষ আস্থা অর্জন করতে সক্ষম হয়েছে। সমাজের নানা অসঙ্গতি, দুর্নীতি ও জনদুর্ভোগের চিত্র তুলে ধরে পত্রিকাটি গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। আগামীদিনেও সত্য ও ন্যায়ের পক্ষে থেকে নির্ভীক সাংবাদিকতার ধারা অব্যাহত থাকবে বলে তারা আশাবাদ ব্যক্ত করেন। বক্তারা আরও বলেন, গণমাধ্যম সমাজের দর্পণ। একটি দায়িত্বশীল সংবাদমাধ্যম দেশ ও সমাজের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাই বস্তুনিষ্ঠতা, পেশাদারিত্ব ও নৈতিকতা বজায় রেখে সাংবাদিকদের কাজ করার আহ্বান জানান তারা।

লালমোহনে দুই পক্ষের

তার দলবল নিয়ে মাসুদের জমিতে থাকা একটি নারিকেল গাছ থেকে জোরপূর্বক নারিকেল পাড়ার চেষ্টা করেন। একপর্যায়ে প্রথমে এগিয়ে গিয়ে নিহতের মেয়ে মাসুমা তাদের বাধা দিলে উভয় পক্ষের আরও লোকজন জড়ো হয়ে উত্তপ্ত বাক্য বিনিময়ের পর লাঠিসোঁটা নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়েন। সংঘর্ষের একপর্যায়ে মাসুদসহ তার পরিবারের ৬ জন ও আক্তারের পরিবারের ৩ জন গুরুতর আহত হন। পরবর্তীতে খবর পেয়ে থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। স্থানীয়রা আহতদের উদ্ধার চিকিৎসার জন্য লালমোহন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করান। তাদের মধ্য থেকে গুরুতর আহত মাসুদকে উন্নত চিকিৎসার জন্য রাতে বরিশালে নেওয়ার পথে সদর উপজেলার ভেদুরিয়ায় এলাকায় অ্যাম্বুলেন্সের ভেতরে মাসুদ মারা যান। এ ঘটনায় বৃহস্পতিবার সকালে নিহতের মেয়ে মাসুমা বাদী হয়ে আক্তারকে প্রধান আসামি করে ১৩ জনের নাম উল্লেখ করে লালমোহন থানায় হত্যা মামলা করেন। এ বিষয়ে লালমোহন থানা পুলিশের পরিদর্শক (ওসি-তদন্ত) মো. মাসুদ হাওলাদার বলেন, মূলত জমির বিরোধ ও নারিকেল পাড়াকে কেন্দ্র করে এ ঘটনা ঘটেছে। নিহতের মেয়ে মাসুমা ১৩ জনকে আসামি করে থানায় মামলা করেছেন। আমরা অভিযান চালিয়ে মামলার প্রধান আসামিসহ ৪ জনকে গ্রেপ্তার করেছি। বাকিদের ধরতে অভিযান চলছে। গ্রেপ্তারকৃতদের আদালতে সোপর্দ করার প্রক্রিয়া চললাম রয়েছে। এছাড়াও অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

বাসায় ডেকে নিয়ে মুক্তিপণ

একপর্যায় তারা আমাকে নির্মমভাবে নির্যাতন করে এবং মুক্তিপণ বাবদ এক লাখ টাকা দাবি করে। পরে তাদের সাথে যুক্ত হয় চক্রের হোতা সুমাইয়ার স্বামী কাওরান ইসলাম আকাশ। তিনি আরও বলেন, কিছুক্ষণ পর চক্রের একজন সদস্য আমার মোটরসাইকেল নিয়ে বের হয়। তখন নিচে অপেক্ষমাণ আমার সহকারী এগিয়ে আসে। তখন তাকেও রুমের মধ্যে নিয়ে আটকে নির্যাতন শুরু করে। টানা দুই থেকে আড়াই ঘণ্টা নির্যাতনের পর আমরা বিকাশ এবং নগদের মাধ্যমে তাদের ২৩ হাজার টাকা মুক্তিপণ দিয়ে সেখান থেকে ছাড়া পাই। আটক অভিযানের নেতৃত্ব দেওয়া কোতোয়ালি মডেল থানার উপ-পরিদর্শক ইসতিয়াক মামুন বলেন, ইউসুফ নামের ব্যক্তির লিখিত অভিযোগের ভিত্তিতে অভিযান চালিয়ে দুই নারীকে জিজ্ঞাসাবাদের জন্য থানায় নিয়ে আসা হয়। এসময় তাদের ঘরে তল্লাশি করে কিছু গাঁজা এবং ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে। বরিশাল কোতোয়ালি মডেল থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) লুৎফর রহমান বলেন, এই ঘটনায় পৃথক দুটি মামলা হয়েছে। এর মধ্যে একটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে এবং অপরটি হানিট্রাপিংয়ের ঘটনা। মামলায় মোট চারজনকে আসামি করা হয়েছে। তিনি আরও বলেন, হানি ট্র্যাপ চক্রের সদস্য সুমাইয়া আক্তারকে বুধবার রাতে তাদের বাসা থেকে এবং চক্রের মূল হোতা কাওরান ইসলাম আকাশকে বৃহস্পতিবার দুপুরে একই এলাকা থেকে গ্রেপ্তার করা হয়েছে। এসময় ভিকটিমদের কাছ থেকে রেখে দেওয়া দুটি মোবাইল ফোন উদ্ধার করা হয়েছে। মুক্তিপণ বাবদ যে টাকা নেয়া হয়েছে সেটাও উদ্ধারের চেষ্টা চলছে। আটক অন্য মেয়ের চক্রের সাথে সম্পৃক্ততা না থাকায় রাতেই তাকে ছেড়ে দেওয়া হয়েছে।

১২ মে থেকে ঈদ পর্যন্ত

পরিবর্তে রাত ১১টা পর্যন্ত দোকানপাট ও বিপণিবিতান খোলা রাখতে সরকারের কাছে আবেদন করেছিলাম। সরকার রাত ১০টা পর্যন্ত খোলা রাখার অনুমতি দিয়েছে। পাশাপাশি আমরা যেন অতিরিক্ত আলোকসজ্জা বা বিদ্যুৎ ব্যবহার না করি, সেই নির্দেশনাও দেওয়া হয়েছে। জ্বালানি সংকটের কারণে গত ৩ এপ্রিল থেকে সন্ধ্যা ৬টার মধ্যে দোকানপাট বন্ধের নির্দেশনা দেয় সরকার। এরপর ব্যবসায়ী সংগঠনগুলোর সঙ্গে বৈঠক করে ৫ এপ্রিল থেকে একঘণ্টা বাড়িয়ে দোকান বন্ধের সময় সন্ধ্যা ৭টা করা হয়।

হাম ও হামের উপসর্গে আরও

সন্দেহভাজন হামজনিত মৃত্যুর সংখ্যা ২৭৯ জন। ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন ছয় হাজার ২০৮ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রান্তের সংখ্যা ৪৫ হাজার ৪৯৮ জন। এখন পর্যন্ত হাম সন্দেহে হাসপাতালে ভর্তি হয়েছেন ৩১ হাজার ৯১২ জন এবং সুস্থ হয়ে হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন ২৮ হাজার ২৩৮ জন।

ড. ইউনূসসহ ১৬ জনের

আদেশ দেন। সকালে আদালতে এই মামলা দায়ের করেন নিহত শিক্ষার্থী উক্য ছাইং মারমার বাবা উসাইমং মারমা। বাদীপক্ষের আইনজীবী এ কে এম শারিফ উদ্দিন মামলা দায়ের করার পর জানান, আদালত বাদীর জবানবন্দি গ্রহণ করেছেন। তবে পরে আদেশ দেবেন বলে আদালত জানিয়েছেন। পরে মামলার অভিযোগে তেমন কোনো উপাদান না থাকায় আদালত তা আমলে না নিয়ে মামলা খারিজ করে দেন। মামলায় অন্য আসামিরা ছিলেন বাংলাদেশ বিমানবাহিনীর এয়ার চিফ মার্শাল হাসান মাহমুদ খান, সাবেক পরিবেশ উপদেষ্টা রিজওয়ানা হাসান, শিক্ষা উপদেষ্টা সি আর আবরার, প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম, সাবেক শিক্ষাসচিব সিদ্দিক জুবায়ের, এয়ার ভাইস মার্শাল মোরশেদ মুহাম্মদ খায়ের উল আফসার, গ্রুপ ক্যাপ্টেন রিফাত আক্তার জিকু, মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের গভর্নিং বডির উপদেষ্টা অবসরপ্রাপ্ত কর্নেল নুরনবী, অধ্যক্ষ মোহাম্মদ জিয়াউল আলম, প্রিন্সিপাল (প্রশাসন) মাসুদ আলম, স্কুল শাখার প্রিন্সিপাল রিফাত নবী এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সচিব, রাজউক চেয়ারম্যান ও রাজউকের ফিল্ড সুপার ভাইজার (উত্তরা)। মাইলস্টোন ট্র্যাজেডি: ড. ইউনূস, আসিফ নজরুল, শফিকুল আলমসহ ১৬ জনের বিরুদ্ধে অভিযোগ দায়েরমাইলস্টোন ট্র্যাজেডি: ড. ইউনূস, আসিফ নজরুল, শফিকুল আলমসহ ১৬ জনের বিরুদ্ধে অভিযোগ দায়ের প্রসঙ্গত, গত বছরের ২১ জুলাই দুপুরে বিমানবাহিনীর একটি প্রশিক্ষণ বিমান মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ ক্যাম্পাসের একটি ভবনের মুখে বিধ্বস্ত হয়। দেশের ইতিহাসে সবচেয়ে বড় এই বিমান দুর্ঘটনায় ৩৬ জনের মৃত্যু হয়, যাদের বেশির ভাগই শিশু। মামলায় আসামিদের বিরুদ্ধে দায়িত্ব অবহেলাজনিত নরহত্যা ও প্রতারণার অভিযোগ আনা হয়েছে।

প্রেমিকাকে বাসায় ডেকে

গলিতে হিমুর ভাড়া বাসায় রয়েছেন। সেখানে গিয়ে পরিবারের সদস্যরা খাটের ওপর আনিতার মরদেহ দেখতে পান। ঘটনার পর নিহতের বোন বাদি হয়ে বরিশাল মেট্রোপলিটন পুলিশের কোতোয়ালি মডেল থানায় হত্যা মামলা দায়ের করেন। এরপর থেকেই অভিযুক্ত হিমু আত্মগোপনে ছিলেন। র‍্যাব-৮ এর কোম্পানি অধিনায়ক মো. কামরুজ্জামান জানান, গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে সকাল সাড়ে ৯টার দিকে ইছলাদী টোল প্লাজা এলাকা থেকে হিমুকে গ্রেপ্তার করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে তাকে কোতোয়ালি মডেল থানায় হস্তান্তর করা হয়েছে।

মেহেন্দিগঞ্জে কৃষকের স্বাস্থ্য

অতিরিক্ত উপ-পরিচালক মো: শহীদুল ইসলাম, মেহেন্দিগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: রিয়াজুর রহমান, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা চন্দ্র শেখর বসু, সাংবাদিক আব্দুর রাজ্জাক, সাংবাদিক জাহিদুল বারী খোকন সহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ। আলোচনা সভায় বক্তারা বলেন, এই কর্মসূচির মাধ্যমে আধুনিক কৃষি পদ্ধতি, কীটনাশক ব্যবহারে সচেতনতা এবং উৎপাদন বৃদ্ধির কৌশল শেখার ফলে কৃষকেরা বাস্তব জীবনে উল্লেখযোগ্য সুফল পাচ্ছেন।

৭মে ইঞ্জিনিয়ার্স ডে
আইইবি'র ৭৬তম প্রতিষ্ঠা বার্ষিকী ২০২৬
আইইবি, বরিশাল কেন্দ্র।
ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ (আইইবি), বরিশাল কেন্দ্র।

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন বাংলাদেশ (আইইবি)-এর ৭৬তম প্রতিষ্ঠাবার্ষিকী ও ইঞ্জিনিয়ার্স ডে উপলক্ষ্যে নগরীতে বর্ণাঢ্য র‍্যালি -কীর্তনখোলা

ফেসবুকে 'উড়াল দেবো

বাসিন্দা। তিনি সম্প্রতি বিয়ে করেছেন। স্থানীয় সরকার নির্বাচনে বিপুল ভোটে ইউপি সদস্য নির্বাচিত হওয়ার পর এলাকায় সক্রিয়ভাবেই দায়িত্ব পালন করছিলেন তিনি। পারিবারিক সূত্রে জানা গেছে, মঙ্গলবার সন্ধ্যায় শহরের সবুজবাগ এলাকায় শ্বশুরবাড়িতে যান শহিদুল ইসলাম। সেখানে স্ত্রী ও স্বজনদের সঙ্গে কিছু সময় কাটিয়ে রাতের বাড়ির উদ্দেশ্যে রওনা দেন। ফেরার পথে পরিবারের জন্য কিছু প্রয়োজনীয় জিনিসপত্রও কেনেন তিনি। স্বজনরা জানান, বাড়িতে ফিরে নিজের ব্যবহৃত দুটি মোবাইল ফোন চার্জে রেখে পরিচিত এক মোটরসাইকেল চালককে ফোন করে বাইরে যান শহিদুল। পরে ওই চালকের কাছ থেকে জানা যায়, রাত সাড়ে ৭টার দিকে পটুয়াখালী-লোহালিয়া সেতুর ঢাল এলাকায় তাকে নামিয়ে দেওয়া হয়। এরপর থেকে তার আর কোনো সন্ধান পাওয়া যায়নি। এদিকে নিখোঁজের ঘটনায় মো. শহিদুল ইসলামের মামা মো. সোহরাব হোসেন পটুয়াখালী সদর থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেছেন। পটুয়াখালী সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মনিরুজ্জামান বলেন, বিষয়টি গুরুত্ব দিয়ে দেখা হচ্ছে। তথ্যপ্রযুক্তির সহায়তায় নিখোঁজ ইউপি সদস্যকে খুঁজে বের করার চেষ্টা চলছে।

টানা ৫ বার যুক্তরাজ্যের রামসগেটের

দাতব্য সংস্থা ও সাধারণ নাগরিকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। ভবিষ্যতেও রামসগেটকে আরও বাসযোগ্য ও সুন্দর শহর হিসেবে গড়ে তুলতে কাজ করে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন। জানা গেছে, ২০১৯ সালে প্রথমবারের মতো রামসগেটের মেয়র নির্বাচিত হন দোলন। এরপর থেকে ধারাবাহিকভাবে তিনি এই পদে নির্বাচিত হয়ে আসছেন। মানবিক ও সামাজিক কর্মকাণ্ড সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে তিনি শহরবাসীর আস্থা অর্জন করেন। গৃহহীনদের আবাসনের ব্যবস্থা, করোনাকালে মানবিক সহায়তা এবং শহরের পরিচ্ছন্নতা উন্নয়নে তার ভূমিকা বিশেষভাবে প্রশংসিত হয়েছে। ব্যক্তিগত জীবনে রৌশন আরা দোলন ১৯৭৮ সালে অষ্টম শ্রেণিতে অধ্যয়নকালে পরিবারের সঙ্গে যুক্তরাজ্যে পাড়ি জমান। সেখানে উচ্চশিক্ষা সম্পন্ন করে সামাজিক কর্মকাণ্ডের সঙ্গে নিজেকে যুক্ত করেন। ২০১৭ সালে তিনি লেবার পার্টির মনোনয়ন নিয়ে সংসদ সদস্য পদে নির্বাচনও করেছিলেন। স্বামী রেজাউর রহমান জামান পিরোজপুর শহরের সিআইপাড়া এলাকার প্রয়াত আফসার উদ্দিনের ছেলে। তাদের আদি নিবাস ভাণ্ডারিয়া উপজেলার পূর্ব ভাণ্ডারিয়া গ্রামে। রৌশন আরা দোলনের পৈতৃক বাড়ি মানিকগঞ্জ জেলার সিঙ্গাইর উপজেলার তালেবপুর ইউনিয়নের কাশেমপুর গ্রামে। তার বাবা রজ্জব আলী একজন প্রকৌশলী। দম্পতির 'রামসগেট তান্দুরি' নামে একটি রেস্টুরেন্ট ব্যবসা রয়েছে। ব্যক্তি জীবনে তিনি দুই পুত্রের জননী। বড় ছেলে রাইভী শামস রহমান যুক্তরাজ্যের ডিপার্টমেন্ট ফর এডুকেশনে আইন উপদেষ্টা হিসেবে কর্মরত এবং ছোট ছেলে জুনায়েদ রহমান কলেজে অধ্যয়নরত। বিদেশের মাটিতে সাফল্যের এই ধারাবাহিকতায় রৌশন আরা দোলন পিরোজপুরসহ দেশের মানুষের জন্য গর্বের প্রতীক হয়ে উঠেছেন।

কাঁঠালিয়ায় স্ত্রীর স্বীকৃতির

পর্যায়ে গত এক বছর পূর্বে শাকিলের সাথে পাঁচ লক্ষ টাকা কাবিনে আমার বিবাহ হয়। বিবাহের পরে শাকিল আমাকে দুইবার কাঁঠালিয়া উপজেলার শৌলজালিয়া ইউনিয়নের কৈখালী গ্রামের তার নিজ বাড়িতে বেড়াতে নিয়ে আসেন। তখন আমার সাথে শাকিল তার মা মনিরা বেগম, বোন সোনিয়া আক্তার, ভাই সোহেল ও বাবা নুরুল হক মোল্লার সাথে পরিচয় করিয়ে দেন। বিবাহের পর আমরা ঢাকার লতিফপুর বোড়া মার্কেট এলাকায় ভাড়া বাসায় বসবাস করতাম। গত ১৪ এপ্রিল শাকিল কিছু না বলে বাসা থেকে বেরিয়ে যায়, এরপর থেকে তার ফোন বন্ধ এবং আমার সাথে কোনো যোগাযোগ রাখছে না। তাই অন্য কোন উপায় না পেয়ে আমার ষষ্ঠ শ্রেণিতে পড়ুয়া ছোট বোন পাখিকে নিয়ে স্বামীর খোঁজে কাঁঠালিয়ার শৌলিজালিয়া গ্রামে শাকিলের বাড়িতে আসি। আমি শাকিলের বাড়িতে পৌছার পূর্বেই তার বাবা-মা আমার উপস্থিতি টের পেয়ে ঘরে তালা দিয়ে পালিয়ে যায়। আমার শেষ কথা, স্বামী শাকিল বাড়িতে এসে যতক্ষণে আমাকে গ্রহণ না করবে, ততখনে আমি এখান থেকে যাব না। প্রয়োজনে আত্মহত্যা করব। জান্নাতী আক্তার কুড়িগ্রাম জেলার উলিপুর থানার উলিপুর গ্রামের আব্দুল জলিল মিয়ার মেয়ে। এ ব্যাপারে শৌলজালিয়া ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মো. সিরাজুল ইসলামের সাথে যোগাযোগের চেষ্টা করা হলে তাকে পাওয়া যায়নি। তবে স্থানীয় ইউপি সদস্য মো. সেলিম তালুকদার বলেন, 'ইতোমধ্যে ঘটনাটি লোকমুখে শুনেছি। এ বিষয়ে বসা হবে।' কাঁঠালিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা আবু নাছের রায়হান জানান, এই বিষয়ে অভিযোগ এখনো হাতে পায়নি, অভিযোগ পেলে ব্যবস্থা নেয়া হবে।

ভোলায় কোস্ট গার্ডের অভিযানে আগ্নেয়াস্ত্র ও কার্তুজ জব্দ

ভোলা প্রতিনিধি

ভোলার দৌলতখানে অভিযান চালিয়ে দেশীয় আগ্নেয়াস্ত্র ও তাজা কার্তুজ জব্দ করেছে কোস্ট গার্ড। বৃহস্পতিবার (৭ মে) দুপুরে কোস্ট গার্ড মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট কমান্ডার সাব্বির আলম সুজন এ তথ্য জানান। সাব্বির আলম বলেন, বৃহস্পতিবার ভোর ৪টায় দৌলতখান উপজেলার চরমদনপুরসংলগ্ন এলাকায় কোস্ট গার্ড ভোলা বেইস গোপন সংবাদের ভিত্তিতে একটি বিশেষ অভিযান চালায়। এ সময় ওই এলাকার চিহ্নিত সন্ত্রাসী মো. লোকমান মেম্বারের বাড়ি তল্লাশি করে একটি দেশীয় একনলা বন্দুক ও তিন রাউন্ড তাজা কার্তুজ জব্দ করা হয়। কোস্ট গার্ডের উপস্থিতি টের পেয়ে আসামি পালিয়ে যাওয়ায় আটক করা সম্ভব হয়নি। কোস্ট গার্ড কর্মকর্তা আরও বলেন, ওই আসামিকে গত বছরের ২৫ এপ্রিল কোস্ট গার্ড অস্ত্রসহ আটক করেছিল এবং তাঁর বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে বলে জানা যায়। জব্দ করা অস্ত্র ও গোলাবারুদের পরবর্তী আইনানুগ ব্যবস্থা গ্রহণ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখতে কোস্ট গার্ড ভবিষ্যতেও এ ধরনের অভিযান অব্যাহত রাখবে বলে জানান কোস্ট গার্ডের এ মিডিয়া কর্মকর্তা।

পটুয়াখালী মেডিকেলে ৫৯ জনের পদের

পরিস্থিতি তুলে ধরে নুর বলেন, 'আপনারা দেখেছেন একটি সীমিত ভৌত অবকাঠামো নিয়ে একটি বিশাল জেলার মানুষকে তারা চিকিৎসা সেবা দিচ্ছে। এখানে একটি ২৫০ শয্যার হাসপাতাল রয়েছে সেখানে প্রতিদিন রোগী হয় ৮০০-৯০০। তাদের সাথে দু-একজন স্বজন থাকে। সেই বাস্তবতায় এখানে অবকাঠামো একেবারেই কম। শিশু থেকে বৃদ্ধ অনেকেই হাসপাতালের করিডোরে চিকিৎসা নিচ্ছেন। অনেক ভবন অত্যন্ত ঝুঁকিপূর্ণ।' তিনি আরও বলেন, 'এই মেডিকেল কলেজের সাথে একটি ৫০০ শয্যার হাসপাতাল হওয়ার কথা কিন্তু সেটি নানান কারণে হয়নি। যেহেতু স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে আমাকে এখানে দায়িত্ব দিয়েছে, এজন্যই আমি হাসপাতালের বাস্তব চিত্রটা বোঝার জন্য আজ পরিদর্শনে এসেছি।' দেশের হাসপাতালগুলোতে জনবল সংকটের বিষয় তুলে ধরে নুর বলেন, 'শুধু পটুয়াখালী নয়, দেশের বিভিন্ন স্থানের জেলা উপজেলার হাসপাতালগুলোতে মেডিকেল অফিসারসহ তীব্র জনবল সংকট রয়েছে। উপজেলা পর্যায়ের চেয়ে জেলা পর্যায়ের অবস্থা আরও ভয়ংকর। এখানে দেখলাম ৫৯ জনের পদ আছে কিন্তু জনবল আছে মাত্র ১৮ জন। দুই তৃতীয়াংশ যদি অনুপস্থিত থাকে, তাহলে তারা সেখানে চিকিৎসা কীভাবে দিবে?' স্বাস্থ্যসেবার বর্তমান পরিস্থিতি নিয়ে তিনি বলেন, 'বাংলাদেশের বিভিন্ন হাসপাতালে এই পরিবেশে মানুষ চিকিৎসা নিয়ে সুস্থ হচ্ছে সেটা আসলে আল্লাহর রহমত ছাড়া সম্ভব নয়। তাই প্রধানমন্ত্রী যেহেতু স্বাস্থ্য খাতের উপরে বিশেষ নজরদারি করছেন, এজন্য তিনি হেলথ কার্ড চালু করতে যাচ্ছেন। বিভিন্ন হাসপাতালে জনবল বাড়ানোর মাধ্যমে স্বাস্থ্য সেবা মানুষের দোরগোড়ায় পৌঁছাতে কাজ করছেন।' এ সময় ভবিষ্যৎ পরিকল্পনার কথা জানিয়ে নুর বলেন, 'ভবিষ্যতে হাসপাতাল এলাকার বাইরে আধুনিক সুযোগ-সুবিধাসম্পন্ন আরও একটি ৫০০ শয্যা বিশিষ্ট মেডিকেল কলেজ হাসপাতাল নির্মাণের পরিকল্পনা রয়েছে।' পরিদর্শনকালে উপস্থিত ছিলেন পটুয়াখালীর অতিরিক্ত জেলা প্রশাসক ও পৌর প্রশাসক মো. জুয়েল রানা, পুলিশ সুপার মো. আবু ইউসুফ, সিভিল সার্জন ডা. খালেদুর রহমান মিয়া, হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. দিলরুবা ইয়াসমিন লিজাসহ স্থানীয় বিএনপি ও গণঅধিকার পরিষদের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

চরফ্যাশনে ভুল চিকিৎসায়

স্ত্রী। পরিবার জানায়, বুধবার (৬ মে) দুপুরে প্রসব ব্যথা উঠলে তাকে দ্রুত চরফ্যাশন পৌর শহরের ইকরা ডায়াগনস্টিক সেন্টারে নেওয়া হয়। সেখানে দায়িত্বরত গাইনি চিকিৎসক ডা. আখি রোগীকে পরীক্ষা-নিরীক্ষা করে স্বাভাবিক প্রসবের আশ্বাস দেন এবং তার শরীরে স্যালাইন ও ইনজেকশন দেওয়া হয়। কিন্তু সময় গড়ানোর সঙ্গে সঙ্গে জান্নাতের শারীরিক অবস্থার অবনতি হতে থাকে। পরে অবস্থা সংকটাপন্ন হলেও প্রয়োজনীয় চিকিৎসা কিংবা উন্নত হাসপাতালে পাঠানোর উদ্যোগ নেয়নি কর্তৃপক্ষ। স্বজনদের দাবি, ভুল চিকিৎসা চলার পর জান্নাতের অবস্থার আরও অবনতি হলে তাকে বিকেল ৩টার দিকে ভোলা সদর হাসপাতালে নেওয়ার পরামর্শ দেওয়া হয়। পরে দ্রুত ভোলা সদর হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়। এই মৃত্যুকে চিকিৎসকের চরম অবহেলা ও দায়িত্বহীনতা বলে দাবি করেছেন নিহতের স্বজনরা। ঘটনার পর থেকেই ইকরা ডায়াগনস্টিক সেন্টারের সামনে স্থানীয়দের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে। এদিকে ইকরা ডায়াগনস্টিক সেন্টারের মালিক পক্ষ ও চিকিৎসক পালিয়ে যাওয়ায় তাদের বক্তব্য পাওয়া যায়নি। স্থানীয়দের দাবি, এ ধরনের ঘটনার সুষ্ঠু তদন্ত হওয়া দরকার। যদি কারও অবহেলায় একজন মা ও অনাগত সন্তানের মৃত্যু হয়ে থাকে, তাহলে দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে হবে। প্রসূতি জান্নাতের ভাই রুবেল বলেন, আমার বোনকে সুস্থ অবস্থায় হাসপাতালে নিয়েছিলাম। ডাক্তার বারবার বলছিল সব ঠিক আছে। পরে যখন অবস্থা খারাপ হয়ে যায়, তখন আমাদের ভোলা সদর হাসপাতালে নিতে বলে। কিন্তু তখন অনেক দেরি হয়ে গেছে। ডাক্তার আখির ভুল চিকিৎসায় আজ আমার বোনকে হারালাম। এই ডাক্তারকে আইনের আওতায় আনার দাবি জানাচ্ছি। চরফ্যাশন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহমুদ আল ফরিদ বলেন, আমি খবর পেয়ে ওই ডায়াগনস্টিক সেন্টারে আমার ফোর্স নিয়ে গিয়েছি। এ ঘটনার সঠিক তদন্ত করে দোষীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

আত্মগোপনে থাকা 'জর্দা শামীম'

কারণে রাজধানী ঢাকার উত্তরা এবং কলাবাগানে বসবাস করতেন। শামীম আহমেদ উত্তর ঢাকা মহানগর শ্রমিক লীগের সহ-সভাপতি। ২০২৩ সালে তিনি ঝালকাঠি জেলার সর্বোচ্চ ভ্যাটদাতা হয়েছিলেন। রংপুর জেলা পুলিশের মিডিয়া সেল থেকে পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বুধবার (৬ মে) রাতে সদর উপজেলার হরিদেবপুর ইউনিয়নের গোকুলপুর চওড়াপাড়ার জলঢাকা সড়ক সংলগ্ন শাহী জর্দা কোম্পানি লিমিটেডের অফিসে অভিযান পরিচালনা করে গোয়েন্দা পুলিশ। এ সময় অফিস সংলগ্ন শয়নকক্ষ থেকে ছয় বোতল বিদেশি মদসহ শামীম আহমেদ ওরুফে জর্দা শামীম ও আরিফ হোসেনকে গ্রেপ্তার করা হয়। জেলা পুলিশ সুপার মোজাম্মেল হক জানান, গ্রেপ্তারকৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা করা হয়েছে। এছাড়াও শামীম আহমেদের বিরুদ্ধে জুলাই গণঅভ্যুত্থানে হত্যাচেষ্টার অভিযোগে ঢাকার উত্তরা পূর্ব থানা ও রামপুরা থানায় একাধিক অভিযোগে মামলা রয়েছে। তিনি একজন এজাহারভুক্ত পলাতক আসামি। অভিযুক্ত অপর আসামি আরিফ হোসেনের বিরুদ্ধে ঝালকাঠি সদর থানায় মামলা রয়েছে। এদিকে খোঁজ নিয়ে জানা গেছে, ঝালকাঠির শামীম আহমেদ এলাকায় 'জর্দা শামীম' হিসেবেই বেশি পরিচিত। মূলত তিনি একজন ব্যবসায়ী হলেও তার কর্মকাণ্ড এবং জীবনযাপন নিয়ে অনেক আলোচনা ও বিতর্ক রয়েছে। বিগত আওয়ামী লীগ সরকারের শাসনামলে প্রভাবশালী নেতাদের সঙ্গে ঘনিষ্ঠতা এবং তাদের ছত্রছায়ায় এলাকায় নিজের প্রভাব বিস্তার ও বিভিন্ন অপরাধমূলক কর্মকাণ্ডে তার ইন্ধন ছিল। বিশেষ করে ঝালকাঠির প্রভাবশালী আওয়ামী লীগ নেতাদের সঙ্গে তার সখ্যতাকে পুঁজি করে তিনি নানা কাজ হাসিল করতেন বলে অভিযোগ আছে। এলাকায় জমি দখল, টর্চার সেলে নারী-পুরুষদের আটকে রেখে শারীরিক নির্যাতন এবং ব্যবসায়ীদের কাছ থেকে অনৈতিক সুবিধা আদায়সহ সিন্ডিকেট গড়ে তোলার অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে। নিজেকে গরিবের সুলতান দাবি করা শামীম আহমেদ সাবেক সংসদ সদস্য আমির হোসেন আমুর ঘনিষ্ঠজন হিসেবে পরিচিত। সেই সুবাদে তিনি দীর্ঘদিন ধরে নানা বিতর্কিত কর্মকাণ্ড করেও আইনের আওতার বাইরে থেকে গেছেন। অথচ তার বিরুদ্ধে মাদক সংশ্লিষ্টতা, অবৈধ সম্পদ অর্জনের মতো অভিযোগ রয়েছে। শামীম আহমেদ ও তার সহযোগীরা এক অসহায় কর্মচারীকে হাত-পা বেঁধে নির্যাতন করে। সেই নৃশংস ঘটনার সঙ্গে তিনি জড়িত ছিলেন। ওই ঘটনার ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হলে তাকে ঘিরে সমালোচনার ঝড় ওঠে। এছাড়া চাঁদা আদায়কে কেন্দ্র করে তার বিরুদ্ধে নিজ ভাইদের ব্যবসাপ্রতিষ্ঠান, গাড়ি ও অফিসে হামলা এবং আগ্নেয়াস্ত্র দিয়ে গুলি চালানোর মতো ঘটনার জন্ম দিয়ে বিতর্কিত হয়েছেন শামীম আহমেদ। এসব অভিযোগের বিষয়ে এখনও আনুষ্ঠানিকভাবে কোনো নিশ্চিত তথ্য প্রকাশ করেনি প্রশাসন।

হাদি হত্যার বিচারের ব্যাপারে কারও

মূল ফটকে শহীদ শরীফ ওসমান হাদির বিচারহীনতার প্রতিবাদে আয়োজিত বিক্ষোভ সমাবেশে তিনি এসব কথা বলেন। সাধারণ শিক্ষার্থীদের ব্যানারে আয়োজিত বিক্ষোভ সমাবেশে মাসুমা হাদি বলেন, ভারতে ওসমান হাদির খুনিরা ধরা পড়লেও তাদের কীভাবে দেশে ফিরিয়ে এনে বিচার করা হবে, সে বিষয়ে তার (স্বরাষ্ট্রমন্ত্রী) কোনো তৎপরতা নেই। তিনি মোটামুটি মীর জাফরের ভূমিকায় রয়েছে। আমরা কোনো মীর জাফরকে দেখতে চাই না। হাদির বাংলাদেশে আর কোনো মীর জাফর টিকে থাকতে পারবে না। তিনি আরও বলেন, যে নির্বাচনের জন্য ঢাকা-৮ আসন রক্তাক্ত হলো, বাংলাদেশের মাটি রক্তাক্ত হলো, সেই বাংলাদেশে ওসমান হাদি হত্যার বিচার হয় না। আমরা কারও দাসত্ব মেনে নেব না। আমরা হাদি হত্যার বিচার নিয়েই ঘরে ফিরবো। মাসুমা হাদি বলেন , ওসমান হাদি একটি ন্যায়ভিত্তিক রাষ্ট্র গড়ার স্বপ্ন দেখতেন। তিনি বাংলাদেশের ৫৬ হাজার বর্গমাইলে ইনসাফের জাল বুনতে চেয়েছিলেন। নিজের শত্রুকেও ন্যায়বিচার পাইয়ে দিতে চেয়েছিলেন। অথচ আজ তার নিজেরই বিচার নেই। অন্তর্বর্তীকালীন সরকারের আমলে ভারতের সহযোগিতায় তাকে হত্যা করা হয়েছে। যারা হত্যাকাণ্ড ঘটিয়েছে তারা কীভাবে সীমান্ত পার হলো, কোথায় পালিয়ে গেল- সবকিছু রাষ্ট্রকে পরিষ্কার করতে হবে। তিনি বলেন, আমরা অনেকেই বলি ওসমান হাদি হত্যার প্রধান আসামি ফয়সাল। কিন্তু ফয়সালের একার এত বড় সাহস হওয়ার কথা নয়। তাকে কারা সহযোগিতা করেছে, কারা নিরাপদে পালানোর নিশ্চয়তা দিয়েছে সব জাতির সামনে তুলে ধরতে হবে। মাসুমা হাদি বলেন, বাংলাদেশের ১৭ কোটি মানুষ শরিফ ওসমান হাদি হত্যার বিচার চায়। তারা অনেক দৈর্য ধারণ করেছে। ওসমান হাদি এখন আমার একার ভাই না। ওসমান হাদি মানেই বাংলাদেশ। আমার হাদি হত্যার বিচার নিয়ে ঘরে ফিরবো। সমাবেশ ও বিক্ষোভ মিছিলে ওসমান হাদির ভগ্নিপতি মো. আমির হোসেন হাওলাদারসহ বরিশাল বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

কলাপাড়া পশু হাসপাতালের

কর্মরত রয়েছেন দীর্ঘ বছর। একাধিকবার তার বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগ উঠলেও কার্যত কোন ব্যবস্থা নিচ্ছেন না হাসপাতাল কর্তৃপক্ষ। লিখিত অভিযোগ দিলে ব্যবস্থা নেয়ার আশ্বাস দেয়াই কর্তৃপক্ষের দায়সাড়া জবাব। ধুলাসার ইউনিয়নের ভূক্তভোগী খামারি ফেরদাউস অভিযোগ করে জানান, তার খামারে ছোট-বড় ১০ টি গরু রয়েছে। কিছুদিন আগে একটি গরু অসুস্থ হলে পশু হাসপাতাল থেকে ভিএফও আলী আহসান এসে কলাগাছিয়া (বাদলা) রোগের ভেক্সিন করেন। ভেক্সিন করার ৫ থেকে ৬ দিন পরে তার একটি গরু মারা যায়। অথচ পরবর্তীতে ওই চিকিৎসক আর কোন খোঁজ খবর নেয়নি। তার গরুসহ পাশ্ববর্তী মোট ৩৬ টি গরুকে ওই সময়ে ভেক্সিন দেয়া হয়। প্রতিটি ভেক্সিনের জন্য ১০০ টাকা করে মোট ৩৬০০ টাকা নেন চিকিৎসক আলী আহসান। এভাবে আরো অনেক খামারির কাছ থেকে টাকা আদায় করেছেন তিনি। গরু খামারি ফেরদাউস আরও বলেন, তিনিসহ আরো অনেকেই গরুর খামার দেয়ার জন্য আগ্রহী। তবে, তাদের উপযুক্ত প্রশিক্ষণসহ পশু হাসপাতাল থেকে নিয়মিত পরামর্শ দিলে অর্থনৈতিকভাবে অনেকেই স্বাবলম্বী হবে বলে তিনি অভিমত করেন। ওই ইউনিয়নের অপর এক খামারি নূর সায়েদ ব্যাপারী বলেন, তার খামারে মোট ৪টি গরু রয়েছে। ডাক্তার আলী আহসান ভেক্সিন দেয়ার পরে তার গরুর শিনায় বড় বড় গোত উঠেছে। এবিষয়ে তাদের অবহিত কিংবা সতর্ক করা হয়নি। পশু হাসপাতাল কর্তৃপক্ষ সকল গরু খামারিদের গরুর রোগ নির্ণয়, পরিচর্চা এবং পরামর্শসহ বিভিন্ন বিষয়ে সহায়তা করবেন এমনটাই প্রত্যাশা এই খামারিসহ আরো অনেকের। এবিষয়ে অভিযুক্ত কলাপাড়া ভেটেরিনারি হাসপাতালের ভি.এফ.ও আলী আহসানকে সংবাদকর্মী পরিচয়ে তার মুঠো ফোনে জানতে চাইলে তিনি উত্তেজিত হয়ে ওঠেন। তিনি এসকল বিষয়ের সাথে জড়িত নন এবং হাসপাতাল কর্তৃপক্ষের কাছে লিখিত অভিযোগ দিয়ে বক্তব্য নেয়ার জন্য সংবাদ কর্মীদের সাথে উচ্চ বাক্য করেন। তিনি সকাল-বিকেল অনেক সাংবাদিক দেখেছেন বলেও হুশিয়ারি করেন। কলাপাড়া উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) ডা: মারুফ বিল্লাহ খান বলেন, এসকল বিষয়ে তিনি অবগত নন। তবে, লিখিত অভিযোগ পেলে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন বলে তিনি সাংবাদিকদের জানান। এবিষয়ে পটুয়াখালী জেলা প্রাণীসম্পদ কর্মকর্তা ডা: মো. হাবিবুর রহমান বলেন, গরুর ভেক্সিনের মূল্য বেশি নেয়া গুরুত্বর অনিয়ম। এসকল অনিয়মের বিষয়ে তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে বলে তিনি সাংবাদিকদের জানান।

মধ্যপ্রাচ্যে মার্কিন ঘাঁটিগুলোর ২২৮টি

ঘাঁটি বা স্থাপনাগুলোর অন্তত ২২৮টি স্থাপনা ধ্বংস হয়েছে। ওয়াশিংটন পোস্ট জানায়, এসব হামলায় লক্ষ্যবস্তু ছিল মধ্যপ্রাচ্য অঞ্চলে অবস্থিত মার্কিন ঘাঁটিগুলোর বিমান সংরক্ষণ কাঠামো, ব্যারাক, জ্বালানি ডিপো, বিমান, এবং গুরুত্বপূর্ণ রাডার, যোগাযোগ ও বিমান প্রতিরক্ষা সরঞ্জাম। মার্কিন এই সংবাদপত্রটি লিখেছে, ক্ষয়ক্ষতির পরিমাণ যুক্তরাষ্ট্র সরকারের কখনো স্বীকার করা বা এর আগে কোনো প্রতিবেদনে উঠে আসা যেকোনো তথ্যের চেয়ে অনেক বেশি। এর আগে, মার্কিন সংবাদমাধ্যম সিএনএন একই ধরনের এক প্রতিবেদনে অঞ্চলের অন্তত ১৬টি মার্কিন ঘাঁটিতে ব্যাপক ক্ষয়ক্ষতির কথা জানিয়েছিল। ওয়াশিংটন পোস্ট লিখেছে, কর্মকর্তাদের মতে বিমান হামলার হুমকি অঞ্চলের কিছু মার্কিন ঘাঁটিকে স্বাভাবিকভাবে সেনা মোতায়েনের জন্য অত্যন্ত বিপজ্জনক করে তুলেছে এবং কমান্ডাররা যুদ্ধ শুরুর সময় থেকেই তাদের বাহিনীর একটি বড় অংশকে ইরানি হামলার আওতার বাইরে সরিয়ে নিয়েছেন। তবে এক সামরিক মুখপাত্র ওয়াশিংটন পোস্টকে জানান, ঘাঁটিগুলোর ক্ষয়ক্ষতি নিয়ে বিশেষজ্ঞদের বর্ণনাকে ব্যাপক ধ্বংস বা ব্যর্থতার লক্ষণ হিসেবে ব্যাখ্যা করা উচিত নয়, কারণ ক্ষতির পরিমাণ নির্ধারণ জটিল এবং কিছু ক্ষেত্রে ভুল ধারণা সৃষ্টি করতে পারে। সামরিক মুখপাত্র ওয়াশিংটন পোস্টকে আরও বলেন, যুদ্ধ শেষ হলে সামরিক কমান্ডাররা ইরানের হামলা সম্পর্কে আরও পূর্ণাঙ্গ চিত্র দিতে পারবেন। গত সপ্তাহে মার্কিন যুদ্ধমন্ত্রী পিট হেগসেথ কংগ্রেসে ঘোষণা দেন যে, ইরানের সঙ্গে যুদ্ধের ব্যয় হবে ২৫ বিলিয়ন বা ২৫০০ কোটি ডলার। তবে একই সঙ্গে তিনি স্বীকার করেন, এই যুদ্ধে ব্যবহৃত গোলাবারুদ ও সামরিক সরঞ্জাম পুনরায় সংগ্রহ করতে মাস বা বছর লেগে যেতে পারে। এদিকে, ইরানের সঙ্গে যুদ্ধ শুরুর পর পেন্টাগন যুক্তরাষ্ট্রের কংগ্রেসের কাছে ২০২৭ অর্থবছরের জন্য ১.৫ ট্রিলিয়ন ডলারেরও বেশি বাজেট চেয়েছে, যা আগের তুলনায় ৪০ থেকে ৫০ শতাংশ বেশি।

সৌদি আকাশসীমা ব্যবহার করতে না দেয়ায়

স্থগিত করেন। ট্রাম্প দাবি করেন, ইরানের সঙ্গে আলোচনায় অগ্রগতি হওয়ায় তিনি এমন সিদ্ধান্ত নিয়েছেন। তবে বৃহস্পতিবার (৭ মে) মার্কিন সংবাদমাধ্যম এনবিসি জানিয়েছে, এই অভিযানের জন্য যুক্তরাষ্ট্রকে নিজেদের আকাশসীমা ব্যবহারে অনুমতি দেয়নি সৌদি আরব। এরফলে ট্রাম্প এটি স্থগিত করতে বাধ্য হয়েছেন। দুই মার্কিন কর্মকর্তা সংবাদমাধ্যমটিকে বলেছেন, ট্রাম্পের প্রজেক্ট ফ্রিডম অভিযান ঘোষণার পর সৌদি আরব ও উপসাগরীয় অন্যান্য আরব দেশগুলো অবাক হয়। এরপর সৌদির ক্রাউন প্রিন্স মোহাম্মদ বিন সালমানের সঙ্গে এ ব্যাপারে ট্রাম্প কথা বলেন। কিন্তু তারা দুজনে ঐক্যমতে পৌঁছাতে পারেননি। সৌদি আরবের একটি সূত্র এনবিসিকে বলেছেন, পাকিস্তান বর্তমানে যে কূটনৈতিক তৎপরতা চালাচ্ছে, সৌদি এতেই সমর্থন দিচ্ছে। অর্থাৎ সৌদি আলোচনার মাধ্যমে সমস্যার সমাধান চায়। হোয়াইট হাউজ দাবি করেছে, আঞ্চলিক দেশগুলোর সঙ্গে সমন্বয় করেই ট্রাম্প নতুন অভিযান ঘোষণা করেছিলেন। কিন্তু ওমানের এক কর্মকর্তা জানিয়েছেন, তাদের যুক্তরাষ্ট্র আগে থেকে কিছুই জানায়নি। অভিযান শুরুর পর মূলত তারা সমন্বয় শুরু করেছে। তবে মার্কিনিদের এমন কাজে তারা ক্ষুব্ধ হননি। গত ২৮ ফেব্রুয়ারি ইরানে যৌথ হামলা চালায় দখলদার ইসরায়েল ও যুক্তরাষ্ট্র। এরপরই হরমুজ প্রণালি বন্ধ করে দেয় ইরান। মার্কিনি ও ইসরায়েলিদের এ হামলার আগে হরমুজ সবার জন্য উন্মুক্তই ছিল।

বানারীপাড়ায় গুপ্ত খালে পানির

না। শুষ্ক মৌসুমে পুরো খাল শুকিয়ে যায়। সন্ধ্যা নদীর পানির স্তর নিচে নেমে যাওয়ায় খালে আর স্বাভাবিকভাবে পানি প্রবেশ করতে পারে না। এর ফলে নদীর মোহনায় সেচ পাম্প বসিয়ে খালে পানি তুলে জমিতে সেচ দিতে হচ্ছে। এতে বোরো ধান চাষের খরচ অনেক বেড়ে গেছে। কৃষকদের ভাষ্য অনুযায়ী, বাণিজ্যিক সেচ ব্যবস্থায় ২০ শতক জমিতে সেচ দিতে পাম্প মালিককে তিন শতক জমির সমপরিমাণ ধান দিতে হয়। অতিরিক্ত খরচের কারণে অনেক কৃষক বোরো ধান আবাদ বন্ধ করে দিয়েছেন। উপজেলা কৃষি কর্মকর্তা কপিল বিশ্বাস বলেন, 'শুষ্ক মৌসুমে সন্ধ্যা নদীর পানির স্তর নিচে নেমে যাওয়ায় গুপ্ত খালে পানি প্রবেশ করতে পারে না। কৃষকদের অভিযোগের বিষয়টি গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে। খাল পুনঃখননের জন্য সংশ্লিষ্ট দপ্তরে একটি প্রকল্প জমা দেওয়া হয়েছে।'

বাংলাদেশ থেকে সৌদি

জানানো হয়েছে। হজ বুলেটিনে বলা হয়, ১০ জন মৃতদের মধ্যে মক্কায় আটজন ও মদিনায় দুজন মারা গেছেন। মারা যাওয়াদের মধ্যে মহিলা রয়েছেন দুইজন। হজ বুলেটিনের তথ্য অনুযায়ী, বিমান বাংলাদেশ এয়ারলাইনসের ৫৬টি ফ্লাইটে ২২ হাজার ৪৫৮ জন, সৌদি এয়ারলাইনসের ৪৫টি ফ্লাইটে ১৬ হাজার ৯০০ জন ও ফ্লাইনাস এয়ারলাইনসের ২১টি ফ্লাইটে আট হাজার ৪৯৪ জন যাত্রী সৌদি আরবে গেছেন। চলতি বছর বাংলাদেশ থেকে মোট ৭৮ হাজার ৫০০ জন হজ পালনের অনুমতি পেয়েছেন। ৬৬০টি এজেন্সি এ কার্যক্রম পরিচালনা করছে, যার মধ্যে ৩০টি প্রধান ও ৬৩০টি সমন্বয়কারী এজেন্সি রয়েছে। গত ১৭ এপ্রিল রাত ১১টা ৫৭ মিনিটে হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ৪১৯ জন হজযাত্রী নিয়ে প্রথম হজ ফ্লাইট (বিজি৩০০১) জেদ্দার কিং আব্দুল আজিজ আন্তর্জাতিক বিমানবন্দরের উদ্দেশে ছেড়ে যায়। ফ্লাইটটির উদ্বোধন করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। হজ অফিসের তথ্য অনুযায়ী, মোট হজযাত্রীর মধ্যে চার হাজার ৫৬৫ জন সরকারি ও ৭৩ হাজার ৯৩৫ জন বেসরকারি ব্যবস্থাপনায় হজ পালন করবেন। চাঁদ দেখা সাপেক্ষে, আগামী ২৬ মে সৌদি আরবে পবিত্র হজ অনুষ্ঠিত হবে বলে আশা করা হচ্ছে। হজ পালন শেষে আগামী ৩০ মে জেদ্দা থেকে ফিরতি ফ্লাইট শুরু হবে। আগামী ৩০ জুন শেষ ফ্লাইটটি ঢাকার উদ্দেশে রওনা হবে।

ছদ্মনামে জনপ্রতিনিধি, ১৮

গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তার আবুল কালাম আজাদ ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার আমবাগান এলাকার আফেজ উদ্দীন আকনের ছেলে। র‌্যাব-৮ এর কোম্পানী অধিনায়ক, অতিরিক্ত পুলিশ সুপার মো. কামরুজ্জামান এই তথ্য নিশ্চিত করেছেন। র‌্যাবের এই কর্মকর্তা জানান, ডিএমপি'র সবুজবাগ থানার ২০০৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের একটি মামলায় যাবজ্জীবন সাজা হয় তার। রায় ঘোষণার সময় তিনি আত্মগোপনে ছিলেন। এদিকে রায় ঘোষণার পর নিজ এলাকা ঝিনাইদহ জেলার কালীগঞ্জ এলাকা থেকে পালিয়ে বরিশালের বাকেরগঞ্জ উপজেলার নলুয়া গ্রামে আশ্রয় নেন আবুল কালাম আজাদ। পাশাপাশি জাতীয় পরিচয়পত্রে নিজের আসল নাম আবুল কালাম আজাদ পরিবর্তন করে মো. কালাম আকন নামে ছদ্মবেশ ধারণ করে। ছদ্মবেশ ধারণ করে দীর্ঘ ১৮ বছর বাকেরগঞ্জে অবস্থান করছিলেন। পরে গোপন সংবাদের ভিত্তিতে র‌্যাব-৮ ও র‌্যাব-৩ সদস্যরা যৌথভাবে অভিযান চালিয়ে বুধবার দুপুরে বাকেরগঞ্জ উপজেলা ভূমি অফিস এলাকা থেকে তাকে গ্রেপ্তার করে। পরে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য আবুল কালাম আজাদকে বরিশাল মেট্রোপলিটন পুলিশের কোতোয়ালি মডেল থানায় হস্তান্তর করা হয়েছে। জানা গেছে, আবুল কালাম আজাদ শুধু নাম পরিবর্তন করে আত্মগোপনই করেননি। তিনি গত আওয়ামী লীগের আমলে বাকেরগঞ্জ উপজেলার নলুয়া ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের টানা দুই বারের সাবেক মেম্বার। অপরাধ ঢাকতে ছদ্মনামে আত্মগোপন, তার ওপর আওয়ামী লীগের দলীয় প্রভাব খাটিয়ে এলাকার জনপ্রতিনিধি হওয়ার খবর গোটা উপজেলাজুড়ে আলোচনার সৃষ্টি করেছে।

তেঁতুলিয়ায় ড্রেজার মেশিনে বালু

এছাড়াও গঙ্গাপুর ইউনিয়নের চর বাগমারা এলাকায় ৪ টি লোড ড্রেজার মেশিন দিয়ে বালু উত্তোলন করছে। ফলে চর বাগমারার উত্তর মাথা তিব্র ভাঙ্গন দেখা দিয়েছে। অবৈধ ড্রেজার মেশিনে বালু উত্তোলন কার্যক্রম দিন দিন ভয়াবহ আকার ধারণ করছে। স্থানীয় সূত্র জানায়, গত কয়েক সপ্তাহ ধরে বোরহানউদ্দিন উপজেলার তেঁতুলিয়া নদীর বিভিন্ন পয়েন্টে ৯ টি ড্রেজার মেশিন বসিয়ে চক্রটি বালু উত্তোলন করে আসছে। রাত-দিন অবিরাম বালু তোলার ফলে নদীর স্বাভাবিক প্রবাহ ব্যাহত হচ্ছে এবং নদীর তলদেশে সৃষ্টি হচ্ছে গভীর খাদ। এর প্রভাব সরাসরি পড়ছে নদী তীরবর্তী চরাঞ্চলে। হঠাৎ করেই নদীর পাড় এলাকার চর লতিফ ও চর বাগমারা এলাকায় কৃষি জমি গুলো তিব্র ভাঙ্গন দেখা দিয়েছে। ইতোমধ্যে অনেকের আবাদি জমি নদীগর্ভে বিলীন হয়েছে। কেউ কেউ বাড়িঘর সরিয়ে নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন। স্থানীয় কৃষক আব্দুল মালেক বলেন, একদিকে নদী ভাঙছে, অন্যদিকে ড্রেজার বন্ধ করার কেউ নেই। ভোলা কোস্ট গার্ড নিরব ভুমিকা পালন করছে। জনস্বার্থে বালু উত্তোলন বন্ধে ভোলা কোস্ট গার্ড কোন ভুমিকা পালন করছে না। আমরা কোথায় যাব, কীভাবে বাঁচব, দেখার কেউ নেই। উপজেলা সহকারী কমিশনার (ভুমি) রনজিৎ চন্দ্র দাস স্থানীয় পুলিশসহ একাধিক বার এসব ড্রেজার মেশিন আটক করে জরিমানা করলেও বন্ধ হচ্ছে না এসব ড্রেজার মেশিনে বালু উত্তোলন। ফলে বালু উত্তোলনকারীরা আরও বেপরোয়া হয়ে উঠেছে। স্থানীয়দের দাবি, অবিলম্বে ড্রেজার কার্যক্রম বন্ধ করে নদী রক্ষা এবং চরাঞ্চলের মানুষের জানমালের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। বিশেষজ্ঞরা বলছেন, অবৈধভাবে ড্রেজার দিয়ে বালু উত্তোলন নদীর স্বাভাবিক গতি ও ভারসাম্য নষ্ট করে। যা দীর্ঘমেয়াদে ভয়াবহ ভাঙনের কারণ হয়ে দাঁড়ায়। তারা দ্রুত মনিটরিং জোরদার এবং কঠোর আইনি ব্যবস্থা নেওয়ার ওপর গুরুত্বারোপ করেন। এছারাও ভোলা কোস্ট গার্ডের দৃষ্টি কামনা করছেন তারা। তেতুলিয়া নদী ঘিরে গড়ে ওঠা এসব চরাঞ্চল শুধু কৃষির জন্যই নয়, স্থানীয় অর্থনীতিরও একটি গুরুত্বপূর্ণ অংশ। অথচ কিছু অসাধু বালু খেকো চক্রের লোভে আজ তা ধ্বংসের মুখে। এখনই কার্যকর উদ্যোগ না নিলে অচিরেই মানচিত্র থেকে হারিয়ে যেতে পারে আরও কয়েকটি চর এমন আশঙ্কা করছেন স্থানীয় সচেতন মহল।

হিজলায় জামায়াত নেতার

মাওলানা মাহমুদুন্নবী তালুকদার। হিজলা উপজেলা আমীর অধ্যাপক নুরুল আমিন, উপজেলা নায়েবে আমীর মাওলানা হারুন-অর-রশিদ, উপজেলা সেক্রেটারি সৈয়দ গুলজার আলম প্রমুখ। শোকবাণীতে তারা বলেন, আমরা মরহুমের রূহের মাগফিরাত কামনা করে মহান আল্লাহ রাব্বুল আলামীনের নিকট দোয়া করছি যে, তিনি তাঁর জীবনের গুনাহসমূহ মাফ করে দিন। তাঁর নেক আমলসমূহ কবুল করুন এবং তাঁকে জান্নাতের মেহমান হিসেবে গ্রহণ করে উচ্চ মর্যাদা দান করুন। আমরা তাঁর শোক-সন্তপ্ত পরিবার-পরিজন, আত্মীয়-স্বজনদের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছি। আল্লাহ আআলা আমাদের সবাইকে এ শোক সহ্য করার তাওফিক দান করুন, আমীন।

চরফ্যাশনে কোস্ট ফাউন্ডেশনের

সম্মেলনে জানানো হয়, চরমানিকা ইউনিয়নের গণস্বাস্থ্য সংলগ্ন পশ্চিম পাশে ৬৯ শতাংশ জমি ২০২১ সালে 'চার্চ অব বাংলাদেশ'-এর কাছ থেকে ৩২ লক্ষ টাকায় ক্রয় করে কোস্ট ফাউন্ডেশন। গত ১৮ এপ্রিল ঐ জমিতে 'কোস্ট রিসোর্স ও বালাইনাশক প্রদর্শনী ও প্রশিক্ষণ কেন্দ্র' নির্মাণের কাজ শুরু করলে স্থানীয় একটি স্বার্থান্বেষী মহল বারবার বাধা প্রদান করে। সংবাদ সম্মেলনে এ ঘটনায় অভিযুক্ত হিসেবে ১৮ জনের নাম প্রকাশ করা হয়। অভিযুক্তরা হলেন- ছায়েদ ফরাজী, রফিক ফরাজী, মামুন হাওলাদার, বাবুল পাটোয়ারী, সিরাজ বেপারী, মাইনুদ্দিন, বশির, ছালাউদ্দিন, শাহিন, কামাল,আবু তাহের সিকদার, শাহে আলম, ইউনুস, ফরহাদ, রুহুল আমিন, মনছুর আহমেদ, আজাহার ও আনোয়ার। এছাড়াও অজ্ঞাতনামা আরও কয়েকজন রয়েছে বলে সংবাদ সম্মেলনে জানানো হয়েছে। লিখিত বক্তব্যে জানানো হয়, উল্লিখিত ব্যক্তিরা গত ৬ মে সংস্থাটির কর্মীদের বিরুদ্ধে ভিত্তিহীন ও মানহানিকর তথ্য ছড়িয়ে এলাকায় মানববন্ধন ও র‍্যালি করেছে এবং নির্মাণ কাজে বাধা দিচ্ছে। বিষয়টি নিয়ে গত ১৯ এপ্রিল দক্ষিণ আইচা থানায় সাধারণ ডায়েরি (জিডি) করা হয়েছে। এ বিষয়ে স্থানীয় প্রশাসনের উপস্থিতিতে আলোচনায় বসলেও প্রতিপক্ষরা তাদের দাবির স্বপক্ষে কোনো বৈধ কাগজ পত্র উপস্থাপন করতে পারেনি। সংবাদ সম্মেলনে বক্তারা আক্ষেপ করে বলেন, উপকূলীয় অঞ্চলে দারিদ্র্য বিমোচনে কাজ করা একটি সংস্থার জনকল্যাণমূলক প্রকল্পে বাধা দেওয়া হচ্ছে মূলত জমি দখলের অসৎ উদ্দেশ্যে। কোস্ট ফাউন্ডেশনের পক্ষ থেকে এই ষড়যন্ত্র বন্ধ করতে এবং অভিযুক্তদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ উন্নয়ন কাজের সুষ্ঠু পরিবেশ নিশ্চিতে প্রশাসনের হস্তক্ষেপ কামনা করা হয়েছে। কোস্ট ফাউন্ডেশনের সহকারী পরিচালক মো: শাহাবুদ্দিন'র সঞ্চালনায় সংবাদ সম্মেলনে কোস্ট ফাউন্ডেশন ভোলা জেলার টিম লিডার রাশেদা বেগম, ক্ষুদ্র ঋণ আঞ্চলিক সমন্বয়কারী জহির উদ্দিন, প্রকল্প সমন্বয়কারী খোকন চন্দ্রশীল, টেকনিক্যাল কর্মকর্তা মাকছুদুর রহমান সহ সংস্থার বিভিন্ন স্তরের কর্মকর্তা কর্মচারী ও স্থানীয় সংবাদকর্মীরা উপস্থিত ছিলেন ।

জিয়ানগরে স্কুলছাত্রীকে জুতাপেটা

এলাকার বাসিন্দা এবং ৭ নম্বর ওয়ার্ডের নিষিদ্ধ যুবলীগ নেতা সবুজ খানের স্ত্রী। স্থানীয় সূত্রে জানা যায়, কিছুদিন আগে সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)-এর সঞ্চয়ের টাকা আত্মসাতের চেষ্টাকে কেন্দ্র করে দুই পরিবারের মধ্যে বিরোধের সৃষ্টি হয়। পরে এ বিরোধকে কেন্দ্র করে নুসরাত ও তার পরিবারকে হুমকি দেওয়া হয় বলে অভিযোগ রয়েছে। ভয়ের কারণে নুসরাত প্রায় ১০ দিন বিদ্যালয়ে অনুপস্থিত ছিল। বিদ্যালয়ে দীর্ঘদিন অনুপস্থিত থাকায় মঙ্গলবার সকালে প্রধান শিক্ষক মোস্তফা ফয়সাল শিক্ষার্থীর পরিবারের সঙ্গে কথা বলে নিজ দায়িত্বে তাকে বিদ্যালয়ে নিয়ে আসছিলেন। বিদ্যালয়ের কাছাকাছি পৌঁছালে পথে অভিযুক্ত জাকিয়া সুলতানা নুসরাতের ওপর হামলা চালিয়ে মারধর করেন বলে অভিযোগে জানানো হয়। নুসরাতের মা গোলাপি বেগম জানান, অভিযুক্তদের ভয়ে তার মেয়ে কয়েকদিন ধরে বিদ্যালয়ে যাওয়া বন্ধ রেখেছিল। শিক্ষক নিজে বাড়ি থেকে নিয়ে যাওয়ার সময়ও তার মেয়েকে মারধর করা হয়েছে। তিনি এ ঘটনার বিচার দাবি করেন। নাম প্রকাশে অনিচ্ছুক স্থানীয় কয়েকজন বাসিন্দা জানান, অভিযুক্ত পরিবারটির বিরুদ্ধে এলাকায় দীর্ঘদিন ধরে প্রভাব বিস্তার ও নানা হয়রানির অভিযোগ রয়েছে। এ ঘটনায় তারা দ্রুত বিচার এবং শিক্ষার্থীর নিরাপত্তা নিশ্চিত করার দাবি জানান। বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোস্তফা ফয়সাল বলেন, শিক্ষার্থীটি হুমকির কারণে স্কুলে আসছিল না। তাই তিনি নিজেই বাড়ি থেকে নিয়ে আসছিলেন। পথে অভিযুক্ত নারী ছাত্রী নুসরাতকে মারধর করেন। বাধা দিতে গেলে তিনিও আঘাত পান বলে দাবি করেন প্রধান শিক্ষক। অভিযুক্ত জাকিয়া সুলতানা ও তার স্বামী সবুজ খান পূর্বের বিরোধের জেরে মারধরের ঘটনা স্বীকার করলেও জুতাপেটার অভিযোগ অস্বীকার করেছেন। জিয়ানগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মহব্বত খান জানান, এ ঘটনায় থানায় লিখিত অভিযোগ জমা পড়েছে। ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে এবং তদন্ত শেষে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

বজ্রপাতে একজন নিহত

জানান, দুপুরের দিকে নিহত শাকিল তাদের বাড়ির পাশে বিলের কাছে বন্ধু তুহিনসহ আড্ডা দিচ্ছিলেন। ওই সময় হঠাৎ বজ্রপাত হয়। এতে শাকিল নিহত ও তুহিন আহত হন। পরে স্থানীয়রা তুহিনকে উদ্ধার করে ভোলা ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে ভর্তি করেন। ভেলুমিয়া পুলিশ তদন্ত কেন্দ্রের ইনচার্জ মো. মফিজুল হক ঘটনার সত্যতা নিশ্চিত করেন।

বরগুনায় ডায়রিয়ার প্রকোপ

কাটতেই জেলা জুড়ে ছড়িয়ে পড়েছে ডায়রিয়া। গত তিন মাসে জেনারেল হাসপাতাল ও ৫টি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডায়রিয়া আক্রান্ত হয়ে ভর্তি হয়েছেন ৪ হাজার ১৯৬ জন। যার মধ্যে শিশু ও নারীর সংখ্যা অর্ধেকেরও বেশি। রোগীদের চাপ সামলাতে না পেরে শিশু-নারী ও পুরুষদের রাখা হয়েছে একই কক্ষে। বেড ও মেঝেতে বিছানা করে চিকিৎস্যা নিচ্ছেন আক্রান্ত রোগীরা। ডায়রিয়া আক্রান্ত হয়ে সদরের বিবেকচত্বর এলাকার ৮ বছরের শিশু মুসা ভর্তি হয়েছে বরগুনার ২৫০ শয্যা জেনারেল হাসাপাতালে। মুসার মা ময়না বেগম বলেন, রা"ত থেকে হঠাৎ পাতলা পায়খানা ও বমি শুরু হয় মুসার। এরপর খুব ক্লান্ত হয়ে পড়লে শনিবার সকালে হাসপাতালে নিয়ে আসলে ভর্তি দেয় চিকিৎস্যক। কিন্তু হাসপাতালে বেড না থাকায় মেঝেতেই চিকিৎস্যা নিতে হচ্ছে। মেঝেতে চিকিৎস্যা নেওয়ায় ডায়রিয়ার পাশাপাশি এখন জ্বরে আক্রান্ত হয়েছে মুসা।" হাসপাতালের ডায়রিয়া ওয়ার্ডে চিকিৎস্যা নিচ্ছেন ১২১ জন রোগী। ওয়ার্ডে দেখা যায় মুসার মতোই শিশুর সংখ্যা বেশি। এরপর নারী রোগীর সংখ্যা বেশি। তবে, সব থেকে বেশি শিশু ও বৃদ্ধ। কেওড়াবুনিয়া এলাকার সবুজ মিয়া তার ছেলে সিয়ামকে ভর্তি করেছেন সোমবার রাতে। সবুজ মিয়া অভিযোগ করে বলেন, "হাসপাতালের মেঝেতে জায়গা পেয়েছি। পা ফেলার মতো জায়গা নেই। ডায়রিয়ায় শিশুদের জন্য আলাদা কক্ষ না করে নারী-পুরুষসহ সব বয়সি মানুষ একই কক্ষে চিকিৎস্যা নিচ্ছে।" পৌরশহরের নাথপট্টি এলাকার ধীরেন্দ্র নাথ সরদার তার ৪ বছরের মেয়ে বৃষ্টি রানীকে ভর্তি করেছেন হাসাপাতালে। চিকিৎসা নিয়ে বৃষ্টি কিছুটা সুস্থ্য হলেও হাসপাতালে থাকতে থাকতে আক্রান্ত হয়েছে তার বড় মেয়ে মেঘলা রানী ও স্ত্রী আশা রানী। এখন তারাও ভর্তি হাসাপাতালে। হাসপাতাল পরিষ্কার পরিচ্ছন্ন না রাখা এবং সব বয়সী রোগীদের এক কক্ষে চিকিৎস্যা দেয়ায় রোগীদের সাথের স্বজনরাও আক্রান্ত হচ্ছে ডায়রিয়ায়। ডায়রিয়া আক্রান্ত হয়ে গত তিন দিন ধরে হাসপাতালে চিকিৎস্যা নিচ্ছেন ৭৪ বছরের বৃদ্ধ আলম আলী চৌকিদার। তিনি বলেন, "হাসাপাতালে শুধু স্যালাইন দিচ্ছে বাকি সব ওষুধ কিনতে হচ্ছে বাহিরে থেকে। অথচ এই ওষুধ কেনার সামর্থ্য অনেকেরই নাই।" রোগীদের অভিযোগ, প্রতি ২৪ ঘন্টায় চিকিৎসক আসেন একবার দুপুর ১২টায়। এরপর কেউ ভর্তি হলে তারা ফের চিকিৎসকের দেখা পায় পরের দিন দুপুর ১২টায়। ২৫০ শয্যা বরগুনা জেনারেল হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) তাজকিয়া সিদ্দিকাহ বলেন, "বাসি, পচা খাবার খাওয়া, অতিরিক্ত গরম, অনিরাপদ পানি ব্যবহারের কারণে ডায়রিয়া প্রার্দুভাব বৃদ্ধি পাচ্ছে। সুপেয় পানির অভাবের কারণে এবং স্যালাইন ওয়াটার হয়ে যাওয়ার কারণে ডায়রিয়া এবং ডায়রিয়ার ডিজিস টাইফয়েড, প্যারাটাইফয়েডসহ অন্যান্য রোগের প্রকোপ বাড়ে।" হাসপাতালের তত্বাবধায়ক রেজওয়ানুর আলম ক বলেন, "২৫০ শয্যা হাসপাতালে হাম, ডায়রিয়াসহ বিভিন্ন রোগে ভর্তি রোগীর সংখ্যা সাড়ে ৫০০ বেশি। তাই ছোটোখাটো কিছু অভিযোগ থাকলেও সর্বোচ্চ সেবা দেওয়া আমাদের লক্ষ্য।" ওষুধ সংকটের বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, "স্যালাইনের সংকট নেই। ডায়রিয়ায় সব থেকে বেশি প্রয়োজন স্যালাইন, আমাদের সেসব আছে। এছাড়া, কিছু ওষুধ আমাদের নেই, সেসব বাইরে থেকে কিনতে হয়।" বরগুনার সিভিল সার্জন আবুল ফাত্তাহ বলেন, "গত ২৪ ঘণ্টায় ডায়রিয়া আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ৬৪ জন। আবহাওয়া বিবেচনায় প্রতি বছর এই সময়ে এমন পরিস্থিতি হয় উপকূলে।"

কোথাও বৃষ্টি, কোথাও

দমকা/ঝোড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেইসঙ্গে সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে। বৃহস্পতিবার (০৭ মে) সন্ধ্যা ৬টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, রাজশাহী, ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝোড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। সেইসঙ্গে সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য বাড়তে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। আগামী শুক্রবার (০৮ মে) সন্ধ্যা ৬টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রাজশাহী, ঢাকা ও খুলনা বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝোড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। সেইসঙ্গে সারাদেশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। আগামী ০৯ মে সন্ধ্যা ৬টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রংপুর, রাজশাহী, ঢাকা ও খুলনা বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝোড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে। আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে এবং সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে। আগামী রোববার (১০ মে) সন্ধ্যা ৬টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝোড়ো হাওয়া ও বিদ্যুৎ চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে এবং সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে।

আবশ্যক

বিধি মোতাবেক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান মাদ্রাসার জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৬ অনুযায়ী সৃষ্ট পদে ১জন অফিস সহায়ক আবশ্যক। বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে অফেরৎযোগ্য ৫০০/(পাঁচ শত) টাকার ব্যাংক ড্রাফটসহ আবেদন করতে হবে।

সুপার
ঢালচর ইসলামিয়া দাখিল মাদ্রাসা
পোস্ট: কুকরী মুকরী
উপজেলা: চরফ্যাশন
জেলা: ভোলা।

আবশ্যক

বিধি মোতাবেক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান মাদ্রাসার জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৬ অনুযায়ী সৃষ্ট পদে ১জন অফিস সহায়ক, ১ জন আয়া আবশ্যক। বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে অফেরৎযোগ্য ৫০০/(পাঁচ শত) টাকার ব্যাংক ড্রাফটসহ আবেদন করতে হবে।

সুপার
চর কুকরী মুকরী ইসলামিয়া দাখিল মাদ্রাসা
পোস্ট: কুকরী মুকরী
উপজেলা: চরফ্যাশন
জেলা: ভোলা।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শুক্রবার ॥ ০৮ মে ২০২৬ ॥ ২৫ বৈশাখ ১৪৩৩

সৌদি আকাশসীমা ব্যবহার করতে না দেয়ায় হরমুজে অভিযান স্থগিত করেন ট্রাম্প

কীর্তনখোলা ডেস্ক

হরমুজ প্রণালিতে আটকে থাকা জাহাজগুলোকে বের করে নিয়ে আসতে 'প্রজেক্ট ফ্রিডম' নামে একটি নতুন অভিযান শুরুর ঘোষণা দিয়েছিলেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তবে এ ঘোষণার দুদিন পার না হতেই তিনি এটি ৩ এর পাতায় দেখুন

মধ্যপ্রাচ্যে মার্কিন ঘাঁটিগুলোর ২২৮টি স্থাপনা ধ্বংস করেছে ইরান

কীর্তনখোলা ডেস্ক

মার্কিন সংবাদপত্র ওয়াশিংটন পোস্ট বুধবার (০৬ মে) প্রকাশিত এক বিশেষ প্রতিবেদনে লিখেছে, পত্রিকাটির স্যাটেলাইট চিত্র বিশ্লেষণ অনুযায়ী যুদ্ধ শুরুর পর থেকে ইরানের বিমান হামলায় মধ্যপ্রাচ্যে মার্কিন সামরিক বাহিনী ব্যবহৃত ৩ এর পাতায় দেখুন

পটুয়াখালী মেডিকেলে ৫৯ জনের পদের বিপরীতে জনবল মাত্র ১৮ জন ॥ নুরের উদ্বেগ

পটুয়াখালী প্রতিনিধি

পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালের নানা সংকট, রোগীদের ভোগান্তি ও জনবল ঘাটতির চিত্র দেখে উদ্বেগ প্রকাশ করেছেন বাংলাদেশ সরকারের প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী এবং হাসপাতালটির ব্যবস্থাপনা কমিটির সভাপতি নুরুল হক নুর। হাসপাতাল পরিদর্শন শেষে তিনি বলেন, 'এই পরিবেশে মানুষ চিকিৎসা নিয়ে সুস্থ্য হচ্ছে এটা আল্লাহর রহমত ছাড়া সম্ভব না।' বৃহস্পতিবার (৭ মে) দুপুর পৌনে ১টার দিকে পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতাল পরিদর্শন শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন। হাসপাতালের সার্বিক

তেঁতুলিয়ায় ড্রেজার মেশিনে বালু উত্তোলনে দেখা দিয়েছে তীব্র ভাঙন

বোরহানউদ্দিন প্রতিনিধি

ভোলার বোরহানউদ্দিন উপজেলার তেঁতুলিয়া নদীতে অবৈধ ড্রেজার মেশিনে বালু উত্তোলন করছে। এতে নদীর তীরবর্তী চরাঞ্চলে দেখা দিয়েছে তীব্র ভাঙন। হুমকির মুখে পড়েছে শত শত একর কৃষিজমি। ঘরবাড়ি হারানোর শঙ্কায় দিন কাটাচ্ছেন হাজারো কৃষক পরিবার। বোরহানউদ্দিন পৌর ১ নং ওয়ার্ডের সাবেক কাউন্সিল ও বিএনপি নেতা ফাইজুল ইসলামের ১ টি লোড ড্রেজার মেশিন, কাচিয়ার মফিজ নামক ব্যক্তির ১ টি লোড ড্রেজার মেশিন, থানার মোড় আমতলা এলাকায় সুতা নুরনবী নামক ব্যক্তির ১ টি লোড ড্রেজার মেশিন, নুরু ড্রেজার নামক ব্যক্তির ১ টি ও খেওয়া ঘাট এলাকার আল আমিন মোল্লার ১ টি লোড ড্রেজার মেশিনসহ মোট ৫ টি লোড ড্রেজার মেশিন দিয়ে হাসের চর এলাকায় বালু উত্তোলন করছে। ৩ এর পাতায় দেখুন

হিজলায় জামায়াত নেতার পিতার মৃত্যু নেতৃবৃন্দের শোক

খবর বিজ্ঞপ্তি

বাংলাদেশ জামায়াতে ইসলামী'র হিজলা উপজেলা মজলিশে শূরা সদস্য ও গুয়াবাড়িয়া ইউনিয়ন আমীর ইমরুল হাসান শিপু মৃধা'র সম্মানিত পিতা এ বি এম জিয়াউদ্দিন (তোতা) মৃধা বুধবার (৬ মে) রাত ৮টায় ইন্তেকাল করেছেন, ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন। মৃত্যুকালে তিনি ছেলে-মেয়েসহ বহু আত্মীয়-স্বজন রেখে গেছেন। মরহুমের মৃত্যুতে তার রুহের মাগফিরাত কামনা ও শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে বিবৃতি দিয়েছেন বাংলাদেশ জামায়াতে ইসলামী কেন্দ্রীয় মজলিশে শূরা সদস্য ও বরিশাল জেলা আমীর মাওলানা মোহাম্মদ আবদুল জব্বার, জেলা নায়েবে আমীর ড. এস.এম মাহফুজুর রহমান ও মাস্টার আব্দুল মান্নান, জেলা সেক্রেটারি ৩ এর পাতায় দেখুন

কাঁঠালিয়ায় স্ত্রীর স্বীকৃতির দাবিতে নারীর অনশন

কাঁঠালিয়া প্রতিনিধি

স্ত্রীর স্বীকৃতির দাবিতে ঝালকাঠির কাঁঠালিয়া উপজেলার শৌলজালিয়া ইউনিয়নের কৈখালী গ্রামে শাকিল ইসলামের বাড়িতে (৭ মে) অনশন করছেন জান্নাতী আক্তার নামে এক নারী। বৃহস্পতিবার (৭ মে) সকালে জান্নাতী আক্তার শাকিলের বাড়িতে গেলে শাকিলের বাড়ির লোকজন ঘরে তালা দিয়ে পালিয়ে যায়। এরপর থেকে জান্নাতী আক্তার অনশন শুরু করেন। ভুক্তভোগী জান্নাতী আক্তার বলেন, তিন বছর পূর্বে চাকরির সুবাদে ঢাকার একটি গার্মেন্টস ফ্যাক্টরিতে মো.শাকিল ইসলামের (২৫) সাথে আমার পরিচয় হয়। পরে দুজনের মধ্যে প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। এক ২ এর পাতায় দেখুন

কোথাও বৃষ্টি, কোথাও বাড়বে রোদের তাপ

কীর্তনখোলা ডেস্ক

ঋতু পরিবর্তনের এই সন্ধিক্ষণে দেশের আকাশজুড়ে মেঘ-বৃষ্টির লুকোচুরি খেলা চলছে। আবহাওয়া অধিদপ্তরের সন্ধ্যার পূর্বাভাস অনুযায়ী, পশ্চিমবঙ্গ থেকে উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত লঘুচাপের প্রভাবে দেশের বিভিন্ন অঞ্চলে দমকা হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আভাস পাওয়া গেছে। তবে আগামী পাঁচদিনের মধ্যে উত্তরবঙ্গ থেকে দক্ষিণবঙ্গের কোথায় নামবে কাঙ্ক্ষিত বৃষ্টি, আর কোথায় চড়বে তাপমাত্রার পারদ। বুধবার (০৬ মে) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ মো. তরিফুল নেওয়াজ কবিরের দেওয়া পূর্বাভাসে এ তথ্য জানানো হয়। আবহাওয়া অফিস জানায়, আগামী ২৪ ঘণ্টার মধ্যে ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর, রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে ৩ এর পাতায় দেখুন

কলাপাড়া পশু হাসপাতালের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ

কলাপাড়া প্রতিনিধি

গরুর বাদলা রোগের ১ টি ভেক্সিনের সরকারি মূল্য ৪০ টাকা। যা ২০ টি গরুকে প্রয়োগ করা যায়। এতে গরু প্রতি ভেক্সিনের মূল্য ২ টাকা। অথচ খামারিদের কাছ থেকে একটি গরুর ভেক্সিনের মূল্য নেয়া হয় ১০০ টাকা। ভেক্সিন শেষে করণীয় সম্পর্কে দেয়া হয় না পরামর্শ। ভুল চিকিৎসায় খামারির গরু মরলেও হাসপাতাল কর্তৃপক্ষ যেনো উদাসীন। এছাড়া হাসপাতালের ঔষধ বিতরনেও রয়েছে অনিয়ম। কলাপাড়া উপজেলা প্রাণীসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালে চিকিৎসা সেবাসহ ব্যাপক অনিয়মের অভিযোগ উঠেছে। পশু হাসপাতালের ভি.এফ.এ আলী আহসানের বিরুদ্ধে একাধিক অভিযোগ থাকলেও অজানা কারনে একই স্থানে ৩ এর পাতায় দেখুন

আত্মগোপনে থাকা 'জর্দা শামীম' রংপুরে মদসহ গ্রেফতার

ঝালকাঠি প্রতিনিধি

ঝালকাঠির আলোচিত ব্যবসায়ী শামীম আহমেদ ওরফে জর্দা শামীম ও তার সঙ্গে থাকা অপর আসামি আরিফ হোসেনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এসময় তাদের কাছ থেকে ছয় বোতল বিদেশি মদ জব্দ করা হয়েছে। বৃহস্পতিবার (৭ মে) দুপুরে বিষয়টি নিশ্চিত করেছেন রংপুর জেলা পুলিশ সুপার মোজাম্মেল হক। এর আগে, বুধবার রাতে রংপুর সদর উপজেলার একটি গ্রাম থেকে তাদের দুইজনকে গ্রেপ্তার করা হয়। গ্রেপ্তারকৃত শামীম আহমেদ (৫৫) ও আরিফ হোসেন (৪৫) ঝালকাঠি পৌর শহরের পূর্বকাঠপট্টি এলাকার মৃত শাহাবুদ্দিন মিয়ার ছেলে। তারা ঝালকাঠি জেলার স্থায়ী বাসিন্দা হলেও ব্যবসা ও রাজনৈতিক ৩ এর পাতায় দেখুন

জিয়ানগরে স্কুলছাত্রীকে জুতাপেটা করলেন যুবলীগ নেতার স্ত্রী

জিয়ানগর প্রতিনিধি

পিরোজপুরের জিয়ানগরে বিদ্যালয়ে যাওয়ার পথে জনসম্মুখে প্রধান শিক্ষকের সামনেই নুসরাত জাহান (১০) নামে পঞ্চম শ্রেণির এক শিক্ষার্থীকে মারধর ও জুতাপেটার অভিযোগ উঠেছে স্থানীয় এক যুবলীগ নেতার স্ত্রীর বিরুদ্ধে। মঙ্গলবার (৫মে) সকালে উপজেলার পাড়েরহাট ইউনিয়নের দরিচড় গাজীপুর গ্রামে ন্যাক্কারজনক এ ঘটনা ঘটে। নুসরাত স্থানীয় দরিচর গাজীপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেণির শিক্ষার্থী এবং একই গ্রামের নাসির উদ্দীন খানের মেয়ে। অভিযুক্ত জাকিয়া সুলতানা (৩০) একই ৩ এর পাতায় দেখুন

বানারীপাড়ায় গুপ্ত খালে পানির সংকট, বিপাকে কৃষক

বানারীপাড়া প্রতিনিধি

বরিশালের উজিরপুর উপজেলার গুপ্ত খাল পুনঃখনন না হওয়ায় পানির তীব্র সংকট দেখা দিয়েছে। ফলে বোরো ধান আবাদে অনেক কৃষক বাধ্য হয়ে বাণিজ্যিক সেচ ব্যবস্থার ওপর নির্ভর করছেন। এতে খরচ বেড়ে যাওয়ায় ধান চাষ বন্ধ করে দিচ্ছেন অনেক কৃষক। তবে উপজেলা কৃষি অফিস বলছে, খাল পুনঃখননে সংশ্লিষ্ট দফতরে একটি প্রকল্প জমা দেওয়া হয়েছে। স্থানীয়রা বলেন, একসময় গুপ্ত খালের দুই দিক দিয়েই সন্ধ্যা নদীর পানি প্রবাহিত হতো। ওই পানির ওপর নির্ভর করে অন্তত ২০ হেক্টর জমিতে ধানসহ বিভিন্ন ফসল আবাদ করা হতো। কিন্তু দীর্ঘদিন খাল পুনঃখনন না হওয়া এবং দখলের কারণে খালটি এখন প্রায় মৃতপ্রায়। কৃষকরা অভিযোগ করে বলেন, বর্ষা মৌসুম ছাড়া খালে তেমন পানি থাকে ৩ এর পাতায় দেখুন

বরগুনায় ডায়রিয়ার প্রকোপ একদিনে ৩৪ রোগী ভর্তি

বরগুনা প্রতিনিধি

বরগুনায় ডায়রিয়ার প্রাদুর্ভাব উদ্বেগজনক হয়ে উঠেছে। গত ২৪ ঘণ্টায় জেলায় নতুন করে আরো ৩৪ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। গত তিন মাসে চার হাজারের বেশি মানুষ ডায়রিয়া আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। ভর্তি রোগীরা বলছেন, হাসপাতালে বেড, ওষুধ ও চিকিৎস্যক সংকটে চরম ভোগান্তিতে পড়ছেন তারা। চিকিৎস্যকরা বলছেন, বেডের থেকে রোগীর সংখ্যা দ্বিগুণ হওয়ায় চিকিৎস্যা দিতে হিমশিম খাচ্ছেন তারা। চলতি বছর বরগুনায় হাম ও উপসর্গ নিয়ে হাসাপাতালে ভর্তি হয়েছে ৩৯৩ শিশু, তাদের মধ্যে মারা গেছে ৬ জন। হামের ভয়াবহতা না ৩ এর পাতায় দেখুন

চরফ্যাশনে কোস্ট ফাউন্ডেশনের উন্নয়ন কাজে বাধা ও অপপ্রচারের প্রতিবাদে সংবাদ সম্মেলন

চরফ্যাশন প্রতিনিধি

ভোলার চরফ্যাশনে কোস্ট ফাউন্ডেশনের বৈধভাবে ক্রয়কৃত জমিতে উন্নয়নমূলক কাজে বাধা প্রদান, জমি জবরদখলের চেষ্টা এবং সংস্থার বিরুদ্ধে উদ্দেশ্যপ্রণোদিত অপপ্রচারের প্রতিবাদে সংবাদ সম্মেলন করেছে চরফ্যাশন কোস্ট ফাউন্ডেশন। দুপুরে কোস্ট ফাউন্ডেশনের চরফ্যাশন কার্যালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন সংস্থার ভোলার আঞ্চলিক টিম লিডার রাশিদা বেগম। সংবাদ ৩ এর পাতায় দেখুন

মারা গেছেন ১০ জন

বাংলাদেশ থেকে সৌদি পৌঁছেছেন ৪৭৮৫২ হজযাত্রী

কীর্তনখোলা ডেস্ক

পবিত্র হজ পালনের উদ্দেশে বাংলাদেশ থেকে এখন পর্যন্ত ১২২টি হজ ফ্লাইটে চেপে সৌদি আরবে পৌঁছেছেন ৪৭ হাজার ৮৫২ জন হজযাত্রী। তাদের মধ্যে সরকারি মাধ্যমে গেছেন চার হাজার ৭১ জন ও বেসরকারি মাধ্যমে ৪৩ হাজার ৭৮১ জন। এখন পর্যন্ত হজে গিয়ে মারা গেছেন ১০ জন। বৃহস্পতিবার (৭ মে) হজ সম্পর্কিত সর্বশেষ বুলেটিনে এ তথ্য ৩ এর পাতায় দেখুন

বিশ্ববাজারে আরও বাড়ল স্বর্ণের দাম

কীর্তনখোলা ডেস্ক

যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে সম্ভাব্য শান্তিচুক্তির আশায় বৈশ্বিক বাজারে স্বর্ণের দাম বেড়ে দুই সপ্তাহের সর্বোচ্চ পর্যায়ে পৌছেছে। একই সঙ্গে দুর্বল ডলার ও তেলের দাম কমে যাওয়ায় মূল্যবান ধাতুটির চাহিদা আরও বেড়েছে। খবর রয়টার্সের। বৃহস্পতিবার স্পট গোল্ডের দাম প্রতি আউন্সে ১ শতাংশ বেড়ে দাঁড়ায় ৪ হাজার ৭৩৫ দশমিক ৩২ ডলারে। এটি ২৩ এপ্রিলের পর সর্বোচ্চ অবস্থান। একই সময়ে জুন ডেলিভারির জন্য যুক্তরাষ্ট্রের স্বর্ণ ফিউচারের দাম ১ দশমিক ১ শতাংশ বেড়ে হয় ৪ হাজার ৭৪৫ দশমিক ৯০ ডলার। বিশ্লেষকদের মতে, যুক্তরাষ্ট্র-ইরান শান্তিচুক্তির সম্ভাবনায় তেলের দাম কমেছে, ফলে মূল্যস্ফীতি ও সুদহার বাড়ার আশঙ্কাও কিছুটা কমেছে। এতে বিনিয়োগকারীরা আবার স্বর্ণের দিকে ঝুঁকছেন। বাজার বিশ্লেষকরা বলছেন, মার্কিন ডলারের দরপতনও স্বর্ণের বাজারকে সহায়তা করেছে। কারণ ডলার দুর্বল হলে অন্য মুদ্রাধারীদের জন্য স্বর্ণ কেনা তুলনামূলক সস্তা হয়ে যায়।

হাদি হত্যার বিচারের ব্যাপারে কারও কোনো মাথা ব্যথা নেই : মাসুমা হাদি

কীর্তনখোলা রিপোর্ট

শহীদ শরীফ ওসমান হাদির বোন মাসুমা হাদি বলেছেন, শহীদ ওসমান হাদি হত্যার বিচারের ব্যাপারে কারও কোনো মাথা ব্যথা নেই। সংসদে দুই-একজন ছাড়া কেউ তার বিষয়ে কথা বলে না। স্বরাষ্ট্রমন্ত্রীরও এ নিয়ে কোনো বক্তব্য নেই' এমন মন্তব্য করেছেন। বৃহস্পতিবার (৭ মে) দুপুর ১টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের ৩ এর পাতায় দেখুন

চরফ্যাশনে ভুল চিকিৎসায় প্রসূতির মৃত্যুর অভিযোগ

চরফ্যাশন প্রতিনিধি

ভোলার চরফ্যাশনে ইকরা ডায়াগনস্টিক সেন্টারে এক গাইনি চিকিৎসকের ভুল চিকিৎসায় প্রসূতির মৃত্যুর অভিযোগ অভিযোগ উঠেছে। পরিবারের দাবি, গাইনি চিকিৎসক ডা. আখির অবহেলা ও ভুল সিদ্ধান্তের কারণে গর্ভে সন্তান রেখেই মৃত্যু হয়েছে জান্নাত নামে ওই নারীর। এ ঘটনায় এলাকায় চরম ক্ষোভ ও উদ্বেগ সৃষ্টি হয়েছে। নিহত জান্নাত চরফ্যাশন উপজেলার আব্দুল্লাহপুর ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ডের বাসিন্দা কাশেম খন্দকারের ৩ এর পাতায় দেখুন

ছদ্মনামে জনপ্রতিনিধি, ১৮ বছর পর র‍্যাবের জালে ধরা

বাকেরগঞ্জ প্রতিনিধি

যাবজ্জীবন সাজা থেকে বাঁচতে জাতীয় পরিচয়পত্রের নাম পরিবর্তন করে ছদ্মনাম ব্যবহার করছিলেন চিহ্নিত মাদক কারবারি। এমনকি ছদ্মনামে ১০ বছর জনপ্রতিনিধিও (মেম্বার) ছিলেন তিনি। তবে শেষ রক্ষা হলো না, দীর্ঘ ১৮ বছর পর র‍্যাবের জালে ধরা পড়েছেন আবুল কালাম আজাদ ওরফে কালাম আকন। বুধবার (৬ মে) দুপুরে র‍্যাব-৮ ও র‍্যাব-৩ এর সদস্যরা যৌথ অভিযান চালিয়ে বাকেরগঞ্জ উপজেলা ভূমি অফিস এলাকা থেকে তাকে ৩ এর পাতায় দেখুন

ভোলায় বজ্রপাতে একজন নিহত অন্যজন হাসপাতালে

ভোলা প্রতিনিধি

ভোলায় বন্ধুদের সঙ্গে আড্ডা দিতে গিয়ে বজ্রপাতে মো. শাকিল (১৮) নামের এক কলেজছাত্র নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন তার বন্ধু। বৃহস্পতিবার (৭ মে) বিকেল ৩টার দিকে উপজেলার ভেলুমিয়া ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ডের চরগাজী গ্রামের গাছালীর মোড় এলাকায় এ ঘটনা ঘটে। নিহত শাকিল ওই গ্রামের শেখ ফরিদের ছেলে। তিনি ভোলার আলতাজুর রহমান কলেজের ছাত্র বলে জানা গেছে। নিহতের স্বজন ও স্থানীয়রা ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার:
এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে
বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য:
০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার:
মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ
কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য:
০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম
কম্পিউটারের সবকিছুই
আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution.
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক
মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com